

ভোটার গাইড

১৯৮৯ সাল থেকে সিটি নির্বাচনগুলোর জন্য আপনার নির্দলীয় গাইড

ভোট দিন

সেপ্টেম্বর ১২, ২০১৭

প্রাইমারী নির্বাচন

কুইন্স কাউন্সিল ডিস্ট্রিক্ট ১৯-৩২, ৩৪

মেয়র
পৃষ্ঠা 6

পাবলিক এডভোকেট
পৃষ্ঠা 10

বোরো প্রেসিডেন্ট
পৃষ্ঠা 12

সিটি কাউন্সিল
পৃষ্ঠা 14

আপনার
পছন্দের
সিটির জন্য
ভোট
দিন



আপনার ২০১৭-র NYC ভোটার গাইডে স্বাগত



ম্যাচিং ফাওন্স প্রোগ্রাম

যদি একজন
প্রার্থী NYC
ক্যাম্পেইন ফাইন্যান্স
প্রোগ্রামে অংশগ্রহণ
করেন তবে এই
ব্যাজটি থাকবে।

নিউ ইয়র্ক সিটি দেশের সর্ববৃহৎ এবং সবচেয়ে বৈচিত্রপূর্ণ একটি শহর। এই শহরটি দেশের গুরুত্বপূর্ণ বিষয়গুলিতে নেতৃত্ব নেয়। এই জন্য এইটি বিশেষ জরুরী যে, আপনার সিটি গভর্নমেন্টে কে প্রতিনিধিত্ব করবে তা আপনি সঠিকভাবে পছন্দ করবেন। তবে জাতীয়ভাবে যা হচ্ছে তা আপনি সবসময় নিয়ন্ত্রণ করতে পারবেন না, আপনার সিটিতে কি হচ্ছে সে বিষয়ে আপনার মতামত দিতে পারেন। সিটি স্কুলের মান থেকে শুরু করে জীবনযাত্রার ব্যয় এবং প্রত্যেকের জন্য সিটি বানানোর জন্য আপনার ভোটার প্রভাব রয়েছে।

এই শরতে সিটিব্যাপী প্রাইমারীতে যখন আপনি ভোট দিবেন তখন অবশ্যই এই ভোটার গাইডটি, সিটি নির্বাচনের NYC-র অফিশিয়াল নিরপেক্ষ গাইড, সাথে নিয়ে যাবেন। এই গাইডটিতে মেয়র, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বোরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিলের অফিসের জন্য আপনার মনোনয়ন প্রার্থীদের প্রোফাইলের পাশাপাশি ভোট দানের সাধারণ তথ্যাদি থাকবে।

পরিবর্তন আনার জন্য আপনার ভোট দিন!

গো গ্রীন!

সাইন আপ করুন nycvotes.nycfb.info - তে, সিটি নির্বাচন সংক্রান্ত ইমেইল এলাট-এর জন্য এবং কখন গাইডের আগামী অনলাইন সংস্করণ লাইভ হবে সেটা দেখবার জন্য।

ভোটার হিসাবে আপনার অধিকার জানুন

সেপ্টেম্বর ১২, ২০১৭-র প্রাইমারী নির্বাচনে আপনার ভোট দানের অধিকার আছে যদি:

- আপনি নিবন্ধিত ভোটার হন এবং যে দল প্রাইমারী করছে সেই দলে তালিকাভুক্ত থাকেন (আপনি নিবন্ধিত কিনা তা নিশ্চিত না থাকলে দেখুন voting.nyc)।
- আপনি কমপক্ষে ১৮ বছর বয়সী এবং মার্কিন নাগরিক হন।
- বর্তমানে আপনি গুরুতর অন্যান্য বা প্যারলে মেয়াদে না থাকেন।
- সেপ্টেম্বর ১২-র রাত ৯টার মধ্যে আপনি ভোট কেন্দ্রের লাইনে দাঁড়ান (ভোট কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে খোলা থাকবে)।

যে কোনো নির্বাচনে আপনার অধিকার থাকে:

- সাহায্যের প্রয়োজন হলে একজন পোল কর্মী বা আপনার পছন্দের যে কোন ব্যক্তিকে (আপনার নিয়োগকর্তা বা ইউনিয়ন প্রতিনিধি ছাড়া) জিজ্ঞাস করতে পারেন। যদি দোভাষী পরিষেবার প্রয়োজন হয়, ভোটারদের সাহায্যার্থে BOE-র দোভাষীগণকে কিছু নির্দিষ্ট কেন্দ্রে পাওয়া যাবে। কোন ভোট কেন্দ্রে দোভাষী পরিষেবা এবং কি কি ভাষায় পাওয়া যাবে সে তথ্যসহ আরো জানার জন্য কল করুন 866-VOTE-NYC।
- এই ভোটার গাইডসহ যে কোন কাগজ পত্র আপনি সাথে করে নিয়ে আসেন (অনুগ্রহ করে ভোট দানের শেষে আপনার সাথে এ সব কাগজ পত্র ফেরত নিয়ে যাবেন।)
- ভোটিং মেশিন বিকল হওয়া সত্ত্বেও ভোট প্রদান করবেন।
- আপনার ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আপনার নাম যদি বাদ পরে যায় তাহলে “অ্যাফিডেভিট ব্যালটের” মাধ্যমে ভোট প্রদান করবেন।

যদি আপনি আপনার ভোট কেন্দ্রে প্রথম বারের মত ভোট প্রদান করতে আসেন তবে ভোট প্রদানের জন্য সম্ভবত পরিচয় পত্র দেখাতে হতে পারে। অন্যথা, আপনার কোন পরিচয় পত্র দেখানোর প্রয়োজন নাই।

কোথায় যাবেন জানুন



এই গাইডের
প্রচ্ছদটি দেখুন

বা



দেখুন voting.nyc ও
ক্লিক করুন “কোথায়
আমি ভোট দিব?”

বা



বোর্ড অফ ইলেকশনে
866-VOTE-NYC-এ
ফোন করুন

এক নজরে নির্বাচন

মেয়র পৃষ্ঠা 6

মেয়র সিটি গভর্নমেন্টের নেতা।



স্যাল আলবানিস
Sal Albanese



রিচার্ড এস. ব্যাশনার
Richard S. Bashner



বিল ডি রাসিও
Bill de Blasio



বব গান্জী
Bob Gangi



মাইক টল্কিন
Mike Tolkin



রকি ডি লা ফুয়েন্তে
Rocky De La Fuente



নিকোল ম্যালিওটাকিস
Nicole Malliotakis

এছাড়াও প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

বিল মুরাওস্কী
Bill Murawski
ওয়াল্টার এন. আইয়ানচী
Walter N. Iwachiv

পাবলিক এডভোকেট পৃষ্ঠা 10

পাবলিক এডভোকেট হলেন সিটি গভর্নমেন্টে জনগণের প্রতিনিধি।



ডেভিড সি. আইসেনব্যাক
David C. Eisenbach



লেটিশা জেমস
Letitia James

কম্পট্রোলার

কম্পট্রোলার হলেন সিটির প্রধান আর্থিক কর্মকর্তা।

কম্পট্রোলার পদের জন্য কোন প্রাইমারী নির্বাচন নাই।

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির সময় পূর্ণাঙ্গ প্রোফাইল জমা দেন নাই।

বোরো প্রেসিডেন্ট পৃষ্ঠা 12

বোরো প্রেসিডেন্টরা তাঁদের বোরোর প্রধান নির্বাহী হিসাবে কমিউনিটির চাহিদাগুলো পূরণ করা নিশ্চিত করবেন।



এভারলি ব্রাউন
Everly Brown



মেলিন্ডা কাৎজ
Melinda Katz

সিটি কাউন্সিল পৃষ্ঠা 14

সিটি কাউন্সিল হল সিটি গভর্নমেন্টের আইন প্রণয়নের শাখা।

আপনার কাউন্সিল ডিস্ট্রিক্ট জানার জন্য আপনার ভোটার গাইডটির প্রচ্ছদ দেখুন।



পল ডি. গ্রাজিয়ানো
Paul D. Graziano
১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



পল এ. ভ্যালোন
Paul A. Vallone
১৯তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



পিটার এ. কু
Peter A. Koo
২০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



ক্রিস্টিনা এম. ফারলং
Cristina M. Furlong
২১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



হিরাম মন্সেরাতে
Hiram Monserrate
২১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



এরিকা মন্টোয়া
Erycka Montoya
২১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



ফ্রান্সিসকো ময়া
Francisco Moya
২১তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



কোস্টা কন্স্ট্যান্টিনিডিস
Costa Constantinides
২২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



ব্যারি এস. গ্রোডেনচিক
Barry S. Grodenchik
২৩তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



রোরী আই. ল্যান্‌সম্যান
Rory I. Lancman
২৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

ডিস্ট্রিক্ট ২৫, ২৬, ২৯ এবং ৩১-এর সিটি কাউন্সিল সদস্যদের জন্য কোন প্রাইমারী নির্বাচন নাই



মোহাম্মাদ টি. রহমান
Mohammad T. Rahman
২৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



আই. ডানিক মিলার
I. Daneek Miller
২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



অ্যান্থনি রিভার্স
Anthony Rivers
২৭তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



এড্রিয়ান অ্যাডামস
Adrienne Adams
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



রিচার্ড ডেভিড
Richard David
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



হেটি ভি. পাওয়েল
Hettie V. Powell
২৮তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



এলিজাবেথ ক্রউলি
Elizabeth Crowley
৩০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



রবার্ট এফ. হোল্ডেন
Robert F. Holden
৩০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




উইলিয়াম রুইজ
William Ruiz
৩২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



মাইকেল জি. স্কালা
Michael G. Scala
৩২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




হেলাল এ. শেখ
Helal A. Sheikh
৩২তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



অ্যান্থনিও রেইনোসো
Antonio Reynoso
৩৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট




এলিসন টেন
Alison Tan
২০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



কেনেথ এন. ওয়ান্ডার
Kenneth N. Wynder
২০তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



টমি টরেস
Tommy Torres
৩৪তম কাউন্সিল ডিস্ট্রিক্ট



বেনি এ. এথলীরা
Benny A. Itleera
২৩তম কাউন্সিল ডিস্ট্রিক্ট

পরিবর্তন আনার জন্য ভোট দিন

স্থানীয় নির্বাচনে ভোট দান আমাদের দৈনন্দিন জীবনযাপনের উপর সত্যিকারের প্রভাব আছে। আমরা যাদের নির্বাচিত করি তারাই আমাদের নেইবারহুড, স্কুল, কর্মসংস্থান এবং প্রতিদিনের জীবনযাত্রার মানের বিষয়ে সিদ্ধান্ত নিবেন।

মেয়র

সিটি গভর্নমেন্টের নেতা হিসাবে, মেয়র সিটির পলিসি নির্ধারণ করেন এবং বাজেট প্রণয়ন, বোর্ড এবং এজেন্সির যেমন NYPD বা শিক্ষা বোর্ডের প্রধান নিয়োগ, সিটি কাউন্সিলের থেকে প্রাপ্ত বিলগুলোয় স্বাক্ষর দিয়ে বা ভেটো করে ও নির্বাহী আদেশ প্রদান করে, নিউ ইয়র্কবাসীদের দৈনন্দিন জীবনযাপন প্রভাবিত করেন।

পাবলিক এডভোকেট

সিটি গভর্নমেন্টে জনগণের প্রতিনিধি হিসাবে পাবলিক এডভোকেট সিটির সেবাগুলোর বিষয়ে অভিযোগ তদন্ত এবং সুপারিশ করতে পারেন, নিউ ইয়র্কবাসি তাদেরকে রক্ষার্থে তথ্যাদি (যেমন ওয়ার্স্ট ল্যান্ডলর্ড ওয়াচলিস্ট) দিতে পারেন এবং বিলগুলো উপস্থাপন ও কো-স্পন্সর করেন। মেয়র যদি অনুপস্থিত থাকেন বা তার দায়িত্ব পালনে ব্যর্থ হন তবে পাবলিক এডভোকেট ভারপ্রাপ্ত মেয়র হিসাবে কাজ করবেন।

কম্পট্রোলার

প্রধান আর্থিক কর্মকর্তা হিসাবে কম্পট্রোলার সিটির বন্ডগুলো ইস্যু ও বিক্রয় করতে পারেন, যা জনসাধারণের প্রকল্প সমূহ, যেমন রাস্তাঘাট এবং ব্রিজ অর্থায়ন করে থাকে এবং অডিট (নিরীক্ষা) ও প্রতিবেদনের মাধ্যমে সিটির ব্যয় সমূহ তদারকি করেন। তিনি

সুরক্ষিত ও সঠিকভাবে বিনিয়োগের মাধ্যমে পেনশন সিস্টেমের তহবিল পরিচালনা করেন, যা দেশের মধ্যে সর্ববৃহৎ পাবলিক সিটি কর্মীদের অবসর সিস্টেম।


বোরো প্রেসিডেন্ট

যদিও বোরো প্রেসিডেন্ট আইন প্রণয়ন বা পাশ করতে পারেন না, তাঁরা তাঁদের বোরোর সংস্থাগুলোকে অনুদান দিতে পারেন (এ বাবদ সিটি বাজেটের প্রায় \$8 মিলিয়ন আলাদা রাখা হয়); ভূমি ব্যবহারের সিদ্ধান্ত নেয়া, স্থানীয় কমিউনিটি বোর্ডগুলোয় ও সিটির প্ল্যানিং কমিশন যাঁরা ভূমি এবং নেইবারহুডের চাহিদা সংক্রান্ত পরামর্শ দেন সেখানে সদস্য নিয়োগ দেন এবং তাঁদের বোরোর বাসিন্দাদের পক্ষে তদবির করেন।

সিটি কাউন্সিল

সিটি কাউন্সিল হল সিটি গভর্নমেন্টের আইন প্রণয়নের শাখা, মেয়রের বাজেট মধ্যস্থতা ও অনুমোদন করেন, আইন প্রণয়ন ও পাশ করেন, সমগ্র সিটিব্যাপী জমি কিভাবে ব্যবহৃত হবে তা সিদ্ধান্ত নেন এবং সিটির সংস্থাগুলো সঠিকভাবে NYC-র জনসাধারণকে সেবা দিচ্ছে তা নিশ্চিত করেন। প্রত্যেক সিটি কাউন্সিল সদস্য সিটির একাল্লটি (৫১) সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট মধ্যে একটি ডিস্ট্রিক্ট প্রতিনিধিত্ব করেন।

ভোট দানের একটি পরিকল্পনা করুন





ভোটার গাইড সংক্রান্ত

এই ভোটার গাইডটি সিটির ভোটারদেরকে ভোট কেন্দ্রে তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড (CFB) কর্তৃক প্রণীত। প্রতিটি নিয়মিত নির্ধারিত সিটির প্রাইমারী ও সাধারণ নির্বাচনের জন্য, CFB একটি গাইড প্রণয়ন করে প্রত্যেক নিবন্ধিত ভোটারের নিকট ডাক যোগে প্রেরণ করে -ইংরেজী ও স্প্যানিশ ভাষায় সিটিব্যাপী এবং চাইনিজ, কোরিয়ান ও বাংলা ভাষায় নির্দিষ্ট এলাকাগুলোয়-আর এই সকল ভাষাগুলোর জন্য অনলাইন গাইড তৈরি করেন।

আশা করা যাচ্ছে যে, মুদ্রণের সময় এই গাইডটিতে সকল প্রার্থীরা তালিকাভুক্ত রয়েছেন যাঁরা ব্যালটে ছিলেন। যেহেতু এই গাইডটি ছাপাখানায় পাঠানো হয়েছিল তাই কিছু প্রার্থীরা ব্যালট থেকে বাদ পরতে পারেন। সবচেয়ে হালনাগাদ তথ্যের জন্য nycffb.info/voterguide-এ অনলাইন গাইডটি এবং প্রার্থীদের ধারণকৃত ভিডিও বিবৃতিগুলো দেখুন।

এই গাইডের প্রোফাইল ও ছবিগুলো প্রার্থীরা CFB নিকট দাখিল করেছেন, এবং সকলেই প্রত্যাশন করেছেন যে, তাঁদের জানা মতে তাঁদের প্রোফাইলে তথ্যাদি সত্য। প্রার্থী কর্তৃক CFB এর নিকট দাখিলকৃত তথ্যাদি হুবহু পুনর্মুদ্রণ করা হয়েছে, সেগুলো ছাড়া যে গুলোয় বড় ধরনের ত্রুটি এবং ছোট ছোট ফরম্যাটিং ইস্যু ছিল তা মুদ্রণের আগে CFB কর্তৃক সংশোধন করা হয়ে থাকতে পারে। প্রার্থীদের প্রতিবেদনে প্রকাশিত বিবৃতি তাদের নিজস্ব বক্তব্য, এর সাথে CFB কোন সংশ্লিষ্টতা নেই।

এই ভোটার গাইডটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ডের কমিউনিকেশন ইউনিট কর্তৃক প্রস্তুত করা হয়েছে - Crystal Choy, Gina Chung, Winnie Ng, Jordan Pantalone, Sarah Spector, এবং Elizabeth A. Upp - সহযোগিতায় ক্যান্ডিডেট গাইডেন্স এন্ড পলিসি ইউনিট।

নির্বাচনী দিন ও সময়সীমা

সেপ্টেম্বর
৫

◆ ডাক যোগে এবসেলিট ব্যালট আবেদন পাঠানোর শেষ দিন

সেপ্টেম্বর
১১

◆ সশরীরে এবসেলিট ব্যালট আবেদন করার শেষ দিন।
◆ ডাক যোগে এবসেলিট ব্যালট আবেদন পাঠানোর শেষ দিন (সেপ্টেম্বর ১৮ তারিখের মধ্যে অবশ্যই সিটি BOEতে পৌঁছতে হবে)

সেপ্টেম্বর
১২

◆ প্রাইমারী নির্বাচন
◆ সশরীরে এবসেলিট ব্যালট জমা দিবার শেষ দিন।

অক্টোবর
১৩

◆ সাধারণ নির্বাচনে ভোটার হিসাবে ডাকযোগে এবং সশরীরে নিবন্ধনের শেষ দিন।
◆ আগামী বছর প্রাইমারী নির্বাচনের ভোট দেয়ার জন্য আপনার দলীয় অন্তর্ভুক্তি সশরীরে পরিবর্তনের শেষ দিন।

নভেম্বর
৯

◆ সাধারণ নির্বাচন

দি নিউ ইয়র্ক সিটি ২০১৭ প্রাইমারী ভোটার গাইড।
© ২০১৭ নিউ ইয়র্ক সিটি ক্যাম্পেইন ফাইন্যান্স বোর্ড।
কর্তৃক সর্বস্বয় সংরক্ষিত। প্রচ্ছদের নকশা করছেন Winnie Ng।
ভিতরের নকশা করছে BaselineGroupNY। মার্কিন যুক্তরাষ্ট্রে তৈরি।



আমাদের সিটি নির্বাচনগুলো আপনাদের দৈনন্দিন জীবনে পরিবর্তন আনতে পারে। যখন প্রত্যেকে অংশগ্রহণ করবে, তখনই আমরা আমাদের সিটি তৈরি করতে পারব, যা আমাদের জন্য উত্তম।

নির্বাচনগুলো, ভোট দেয়া বা আমাদের সাথে সেচ্ছাসেবী করা সহ সকল হাল নাগাদ খবরের জন্য সাইন আপ করুন nycvotes.nycffb.info।

আলোচনায় অংশ নিতে ও আপনার বন্ধুবান্ধব এবং পরিবারের সাথে নির্বাচনী খবর শেয়ার করতে আমাদেরকে অনুসরণ করুন @nycvotes।



VAAC সভায় আসুন

CFB-এর ভোটার এসিস্ট্যান্ট এডভাইসারী কমিটি (VAAC) সারা বছরব্যাপী জনসভার আয়োজন করে থাকে যেখানে নির্বাচিত অফিশিয়াল, উত্তম সরকারী গ্রুপ, এবং নিউ ইয়র্কবাসীদের কাছ থেকে, আমাদের সিটির ভোট দান কিভাবে উন্নতি করা যায়, সে বিষয়ের বক্তব্য জানার জন্য।

ভোট দেওয়ার মানে হল, যে সকল বিষয়গুলি আপনার জন্য প্রয়োজনীয়, সেগুলোর মধ্যে পরিবর্তন আনবেন কিভাবে। আপনার NYCতে ভোট দানের অভিজ্ঞতা VAAC সভায় শেয়ার করুন এবং আমাদের নির্বাচনী আইন সংশোধন করতে আমাদেরকে সাহায্য করুন যাতে করে নিউ ইয়র্কবাসীরা নিবন্ধন ও ব্যালট ব্যবহার করতে পারেন, যা গণ্য হয়। সভাগুলো জনগণের জন্য উন্মুক্ত এবং সরাসরি প্রচার করা হয়। বিগত সভাগুলো দেখার জন্য nycffb.info/live-এ যান।

আসন্ন সভাগুলোর তালিকার জন্য দেখুন nycffb.info/about/calendar/।

মেয়র

স্যাল আলবানিস Sal Albanese

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ আইনগতভাবে দুর্নীতিগ্রস্ত রাজনৈতিক প্রক্রিয়াকে পুনর্গঠন করা
- ২ সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করা
- ৩ MTA-কে পুনর্গঠন ও যথাযথভাবে অর্থায়ন করা



দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: আইনজীবী

পূর্বের পেশা: শিক্ষক, সিটি কাউন্সিলের সদস্য

শিক্ষাগত যোগ্যতা: CUNY ইয়র্ক কলেজ থেকে B.A. ইন এডুকেশন, NYU থেকে হেলথ সায়েন্সে M.A এবং ব্রুকলিন ল' স্কুল থেকে আইনের উপর একটি ডিগ্রি।

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ডেমোক্রেটিক পার্টি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: সিটি কাউন্সিল সদস্য, ১৯৮২-১৯৯৭ পর্যন্ত ৪৩ CD (বে রিজ, ব্রুকলিন)-কে প্রতিনিধিত্ব করেছেন

আমাদেরকে অবশ্যই আমাদের ভুল রাজনৈতিক প্রক্রিয়াটি মেরামত করতে হবে, যেখানে “আইনগত উপায়ে দুর্নীতি” করার একটি পরিবেশ সৃষ্টি হয়েছে এবং শুধুমাত্র যারা “খরচ করতে পারবে” তাদেরই “ভূমিকা রাখার” অধিকার রয়েছে। প্রচারাভিযানের জন্য কোনো বড় রিয়েল এস্টেট বা লবিইস্টদের কাছ থেকে কোনো অনুদান না নেওয়ার ব্যাপারে আমি অস্বীকার করছি। আমি “গণ পরিবহনের মেয়র” হিসেবেও পরিচিত হতে চাই এবং মাধ্যমটির উন্নয়নের জন্য গভর্নরের সাথে কাজ করবো। এই প্রক্রিয়াটির পেছন সিটি বর্তমানে যে অর্থ ব্যয় করে তার পরিমাণ তিনগুণ বৃদ্ধি করে আমি \$১ বিলিয়ন করবো। মেয়র হিসেবে আমি, কমপক্ষে মাঝে মাঝে, গণ পরিবহন ব্যবহার করার প্রতিশ্রুতি দিচ্ছি, যেন চলমান পরিস্থিতির বিষয়ে আমি ব্যক্তিগতভাবে অভিজ্ঞতা সঞ্চয় করতে পারি। NYC-তে আবাসনও হলো একটি বড় সমস্যা। সকলেই সাশ্রয়ী মূল্যের আবাসনের সুবিধা চায়, তবে “সাশ্রয়ী মূল্য” বলে যা বলা হচ্ছে তা সাশ্রয়ী থেকে অনেক দূরে। বর্তমান পরিকল্পনাটি সারা সিটিতে সার্বিকভাবে প্রত্য্যথ্য হলে, কারণ এটি হলো “সকলের জন্যই একই সমাধান”-ধরনের পরিকল্পনা। এছাড়াও, অনুপযুক্ত ও সীমার-বাইরে উন্নয়ন অব্যাহত আছে। সকলের জন্য স্বতন্ত্র ধরনের আবাসন পরিকল্পনা তৈরি করার জন্য আমি কাজ করবো, যা প্রতিটি কমিউনিটির বৈশিষ্ট্য সম্মত রেখেই তাঁদের চাহিদা মেটাবে।

✉ sal@sal2017.nyc

🌐 sal2017.com

📘 SalAlbaneseNYC

🐦 SalAlbaneseNYC

📷 salalbanesenyc

6 | দেখুন www.nycfb.info/voterguide

রিচার্ড এস. ব্যাশনার Richard S. Bashner

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ স্বচ্ছ কার্যকরী নেতৃত্ব
- ২ নেইবারহুডের নিরাপত্তা এবং স্কুল সমূহের উন্নয়ন
- ৩ প্রকৃতপক্ষে প্রগতিশীল সমাধান বাস্তবায়ন



দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অ্যাটর্নি

পূর্বের পেশা: প্রযোজ্য নয়

শিক্ষাগত যোগ্যতা: JD নিউ ইয়র্ক ইউনিভার্সিটি স্কুল অফ ল'; BA ইন সাইকোলজি হার্ভার্ড কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ব্রুকলিন কমিউনিটি বোর্ড ৬; ৭৮ প্রিন্সিপাল ইয়ুথ কাউন্সিল রিক্রিয়েশনাল বাস্কেটবল কোচ

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: চেয়ার ব্রুকলিন কমিউনিটি বোর্ড ৬ (৪ বছর); CB6 এলেক্সিকিউটিভ কমিটি (১৫ বছর); CB6 চেয়ার কমিউনিটি ডেভেলপমেন্ট কমিটি

আমি মেয়র পদপ্রার্থী হয়েছি, কারণ আমি আমাদের নেতাদের উপর থেকে বিশ্বাস হারিয়ে ফেলেছি।

নিউ ইয়র্কে এখন আগের চেয়েও বেশি একটি স্বচ্ছ সরকার প্রয়োজন যা সকল নিউ ইয়র্কবাসীদের প্রতিনিধিত্ব করবে।

আমাদের এমন সরকার প্রয়োজন যে রিয়েল এস্টেট ডেভেলপার, প্রচারাভিযানের অংশীদার এবং লবিইস্টদের সেবা করার পরিবর্তে আমাদের কমিউনিটিগুলোর উপর দৃষ্টি নিবদ্ধ করবে।

আমাদের অবশ্যই জনসাধারণের সম্পদ, আমাদের ঐতিহাসিক ডিস্ট্রিক্টসমূহ, আলো ও বাতাস, ল্যান্ডমার্ক, লাইব্রেরি এবং ভাড়াটিয়াদেরকে অস্থিতিশীল রিয়েল এস্টেট প্রকল্পগুলো থেকে রক্ষা করতে হবে।

সিটির সেবাকে আরও সহজলভ্য, দায়বদ্ধ এবং কার্যকরী করে তুলতে আমাদেরকে অবশ্যই প্রযুক্তিকে ব্যবহার করতে হবে।

সকল নিউ ইয়র্কবাসীকে ডোনাল্ড ট্রাম্পের ধ্বংসাত্মক নীতিগুলো থেকে রক্ষা করতে আমি মেয়র পদে প্রার্থী হয়েছি।

প্রত্যেকেরই একটি নিরাপদ স্থানে বাস করার নিরাপত্তা, প্রয়োজনীয় সেবায় প্রবেশাধিকার, গুণগত শিক্ষা এবং নিজের মত বসবাসের সামর্থ্য থাকতে হবে।

রিচার্ড ব্যাশনারের জন্য একটি ভোট হল নিউ ইয়র্কের জন্য বাস্তব প্রগতিশীল গণতান্ত্রিক নেতৃত্বের জন্য একটি ভোট।

✉ info@bashner2017.com

🌐 bashner2017.com

📘 Bashner2017

🐦 Bashner2017

মেয়র

বিল ডি ব্লাসিও Bill de Blasio

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সকলের জন্য চমৎকার শিক্ষা
- ২ শহরকে আরও সাধ্যের মধ্যে নিয়ে আসা
- ৩ বর্ধিত নিরাপত্তা, পুলিশ-কনিউনিটি সম্পর্ক

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: NYC মেয়র

পূর্বের পেশা: NYC সরকারি কৌশলী; NYC কাউন্সিল সদস্য; ইউ.এস আবাসন বিভাগ ও পৌর উন্নয়ন আঞ্চলিক পরিচালক; হিলারি ক্লিনটন ফর ইউ.এস. সিনেট ক্যাম্পেইন ম্যানেজার

শিক্ষাগত যোগ্যতা: নিউ ইয়র্ক ইউনিভার্সিটি; কলাম্বিয়া ইউনিভার্সিটি

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রযোজ্য নয়

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: উপরে দেখুন

নিউ ইয়র্ক সিটির মেয়র হিসেবে আমি আমাদের প্রগতিশীল মূল্যবোধগুলো বাঁচিয়ে রাখা এবং জনগণের উন্নয়ন ঘটানো ও প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জীবনকে উন্নত করার মতো সংস্কার সাধনের মাধ্যমে এটিকে সকলের বাসস্থান হিসেবে গড়ে তোলার সংগ্রামটি আমার লক্ষ্য হিসেবে গ্রহণ করেছি। এর মধ্যে রয়েছে শহরের চার বছর বয়সী প্রতিটি শিশুর জন্য প্রি-কে শিক্ষা সম্প্রসারণ করা, আরও হাজার হাজার কর্মীদের জন্য আমাদের বেতন সহ অসুস্থতাজনিত ছুটি সম্প্রসারিত করা এবং আরও লাখ লাখ মানুষের জন্য সর্বনিম্ন মজুরি বৃদ্ধি করা। আমার প্রশাসন চমকপ্রদভাবে অবরোধ ও অতর্কিত হামলা কমিয়েছে এবং পুলিশ ও কমিউনিটিকে পরস্পরের আরও কাছাকাছি এনেছে – আর একই সময়ে অপকর্মের সংখ্যাও সবচেয়ে নিম্নে নামানো হয়েছে। আমার প্রথম দফায়, আমরা নজিরবিহীন দ্রুততার সাথে সাশ্রমী মূল্যের আবাসন তৈরি ও সংরক্ষণ করেছি, একই সময়ে ভূমি-মালিকদের লবি অধিগ্রহণ করেছি এবং দুই বছরের ভাড়া স্বগিত করেছিলাম যাতে আরও অনেক নিউ ইয়র্কবাসী তাদের নিজ গৃহে অবস্থানের সুযোগ নিতে পারেন।

✉ info@billdeblasio.com

🌐 billdeblasio.com

📘 bill.deblasio

🐦 BilldeBlasio

বব গান্গি Bob Gangi

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ নির্যাতনমূলক ও বৈষম্যমূলক পুলিশি কার্যকলাপ বন্ধ করা
- ২ গৃহহীন নিউ ইয়র্কবাসীদের জন্য গৃহের ব্যবস্থা করা
- ৩ পাবলিক স্কুলগুলোতে ছোট ছোট ক্লাসের ব্যবস্থা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: মেয়র প্রার্থী

পূর্বের পেশা: পুলিশ রিফর্ম অর্গানাইজিং প্রজেক্টের পরিচালক

শিক্ষাগত যোগ্যতা: কলাম্বিয়া ইউনিভার্সিটি থেকে BA

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: পুলিশ রিফর্ম অর্গানাইজিং প্রজেক্টের বোর্ডের সভাপতি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: নেই

সকল নিউ ইয়র্কবাসীর জন্য সামাজিক, সাম্প্রদায়িক ও অর্থনৈতিক ন্যায়বিচার অর্জনে মৌলিক পরিবর্তন কার্যকর করতে, যার মধ্যে রয়েছে: ভাঙ্গা জানালার পুলিশিং বন্ধ করা; সকল পাবলিক স্কুলে ছোট ছোট ক্লাসের ব্যবস্থা করা; স্বল্প আয়ের কমিউনিটিগুলোর জন্য এমন আবাসনের ব্যবস্থা করা যা সেখানে বসবাসকারীদের সত্যিকারের সাধ্যের মধ্যে থাকে; নতুন কারাগার তৈরি না করেই এক বছরের মধ্যে রাইকারগুলো বন্ধ করা এবং স্বল্প-আয়কারী নিউ ইয়র্কবাসীর জন্য গণ পরিবহনে ভাড়া না নেওয়া; ভাড়া এড়িয়ে যাওয়া, যৌন কর্ম, মারিওয়ানা রাখা/ব্যবহার করার দুর্বৃত্তায়ন রোধ করা; CUNY স্কুলগুলোতে স্বল্প ও মধ্য আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য বিনামূল্যে শিক্ষাদান; সরকারি কাজের প্রকল্পগুলো সৃষ্টি করা যেগুলোর লক্ষ্য পরিবেশে প্রাকৃতিক শক্তি ব্যবহার করার, ও বেঁচে থাকার মতো পারিশ্রমিক পাওয়া যায় এমন কাজের সুযোগ সৃষ্টি করা; পথ ব্যবসায়ীদের জন্য লাইসেন্সের সংখ্যা বৃদ্ধি করা; গৃহহীন LGBTQ যুব সম্প্রদায়ের জন্য অন্যান্যমূলক আচরণ বন্ধ করা; NYPD কর্তৃক ট্রান্স উইম্যান অফ কালারের বিরুদ্ধে নির্যাতন বন্ধ করা; প্রতিবন্ধী মানুষ সহ প্রান্তিক নিউ ইয়র্কবাসীদের বিরুদ্ধে কর্মক্ষেত্রে বৈষম্য দূর করা।

✉ bob@gangiformayor.com

🌐 gangiformayor.com

📘 GangiforMayor

🐦 GangiforMayor

📷 GangiforMayor

মেয়র

মাইক টল্কিন Mike Tolkin

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ অর্থনীতি, কর্মসংস্থান এবং শিক্ষা
- ২ পরিবহন ও জীবনমান
- ৩ মানবাধিকার ও টেকসই অবস্থা



দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: মেয়র প্রার্থী

পূর্বের পেশা: টেক এন্ড প্রিন্টিংয়ের অ্যান্ড ইনোভেটর - উদ্যোক্তা/CEO, IMAX ল্যাবস; উদ্যোক্তা/CEO, Rooms.com; উদ্যোক্তা/CEO, মারচেন্ট এন্ড চেঞ্জ; ডিরেক্টর অফ কর্পোরেট ডেভেলপমেন্ট এন্ড স্ট্রাটেজি, IMAX; মানেজমেন্ট কনসালটেন্ট, অলিভার ওয়াইমান; উদ্যোক্তা, রিইমাজিন NYC; উদ্যোক্তা, নোম্যাড ওয়াক; স্টার্টআপ বিনিয়োগকারী এবং পরামর্শক

শিক্ষাগত যোগ্যতা: ইউনিভারসিটি অফ পেনসিলভানিয়ার হোয়ারটন স্কুল থেকে অর্থনীতিতে BS

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: রিইমাজিন NYC, নোমেড ওয়াক

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: রিইমাজিন NYC, নোমেড ওয়াক

আমি মেয়রের পদপ্রার্থী হয়েছি কারণ যেকোনো সময়ের চাইতে এখন আমাদের বড় বড় চিন্তাভাবনা এবং সাহসী পদক্ষেপ নেওয়ার সবচেয়ে বেশি প্রয়োজন।

আমরা অনেক বড় বড় সমস্যার মোকাবেলা করছি। আমাদের বেতন কম কিন্তু বাড়ি ভাড়া অনেক বেশি। আমাদের অধিকার হুমকির সম্মুখীন। আমাদের চাকরি চলে যাচ্ছে। আমাদের সাবওয়ে সিস্টেম ধ্বংসের মুখে। আমাদের সরকার আমাদের প্রয়োজনীয় সেবা দিচ্ছে না।

আমি প্রযুক্তি বিষয়ে একজন ক্ষুদ্র ব্যবসায়ী ও উদ্ভাবক - জীবন চালানোর জন্য আমার কাজই হোল সমস্যার সমাধান করা। তাই, আমি অভিজ্ঞ ব্যক্তিবর্গ ও নেতাদের নিয়ে একটি বৈচিত্র্যময় দল গঠন করছি এবং আমরা একটি উচ্চাভিলাষী সুদূরপ্রসারী পরিকল্পনা করছি, যাতে আমাদের পরিষেবা ও অবকাঠামোর মান বৃদ্ধি করা যায়, নতুন নতুন কর্মক্ষেত্র সৃষ্টি করা যায়, আমাদের সন্তানদের ভবিষ্যৎ চাকরির জন্য প্রস্তুত করা যায় এবং আমরা অ্যামেরিকার স্বপ্নের দ্বার হিসেবে নিউ ইয়র্ককে আবার তুলে ধরতে পারি।

দয়া করে আমাদের এই আন্দোলনে যোগ দিন ও আপনার বক্তব্য সকলকে জানান। আপনার সাথে একত্রে কাজ করার জন্য আগ্রহী!

✉ team@tolkinformayor.com

🌐 tolkinformayor.com

📘 tolkinformayor

🐦 tolkinformayor

📷 tolkinformayor

8 | দেখুন www.nycfb.info/voterguide

রকি ডি লা ফুয়েন্তে Rocky De La Fuente

রিপাবলিকান

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ কাজের প্রবৃদ্ধি ও উর্ধ্বমুখী গতিশীলতা
- ২ আবাসন সুবিধার সরবরাহ বৃদ্ধি
- ৩ অবকাঠামোর প্রবৃদ্ধি সর্বোচ্চকরণ



দলীয় অন্তর্ভুক্তি: রিপাবলিকান

বর্তমান পেশা: ব্যবসায়ী, অবকাঠামো নির্মাতা

পূর্বের পেশা: মালিক/পরিচালক, অটোমোবাইল ফ্র্যাঞ্চাইজিস (২৮), ব্যাংক (৩)

শিক্ষাগত যোগ্যতা: পদার্থবিদ্যা ও গণিত, ম্যাগনা কাম লাউডি, IP UNAM; বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, অ্যাকাউন্টিং; ডক্টর অনরিস কাউসা, UNESCO; অ্যাডভান্সড স্টাডিজ লো ফ্রাঙ্ক

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: চেয়ারম্যান মেক্সিকান অ্যামেরিকান ফাউন্ডেশন; লার্জ নিউ ইয়র্ক ১৯৯২-এর ডেলিগেট

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: প্রেসিডেনশিয়াল ক্যান্ডিডেট ২০১৬; ওটায় মেসা ডেভ. কাউন্সিল

একজন অ্যামেরিকান হিসেবে, যিনি একজন অভিবাসীর গর্বিত ছেলে, আমি একটি জিবন্ত প্রমাণ যে, অ্যামেরিকান স্বপ্ন অর্জন করা সম্ভব। আমি চাই যারা কঠোর পরিশ্রম করছেন তাঁরা সকলেই যেন এই একই স্বপ্নে অংশ নেওয়ার সমান সুযোগ পান।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে নিউ ইয়র্কবাসীরা পুনরায় পৃথিবীতে নেতৃত্ব দেবে। অভিজ্ঞতা, যুক্তি ও সাধারণ জ্ঞান এই গুরুত্বপূর্ণ রূপান্তরকে পরিচালিত করবে।

আমি একদল সেরা ও মেধাবী নিউ ইয়র্কবাসীদেরকে একত্রিত করবো যাঁদের অনেক কিছু প্রদান করার সামর্থ্য আছে এবং আমরা একত্রে নতুন ও উচ্চ বেতনের কাজ অর্জনের পথ তৈরি করবো এবং নতুন নতুন সুরঙ্গপথ, অত্যাধুনিক সাবওয়ে এবং ভূমির উপরে পরিবহন ব্যবস্থা তৈরি করার মাধ্যমে আমাদের পরিবহন সমস্যাগুলোর মোকাবেলা করবো।

আমরা সাশ্রয়ী মূল্যের আবাসন বর্ধিত করবো, আমাদের গৃহহীনদের সহায়তা করবো, স্যানিটেশন ও আবর্জনা ব্যবস্থাপনার মতো স্বাস্থ্য-সম্পর্কিত সমস্যাগুলোর সমাধান করবো, স্কুল বেছে নেওয়ার সুযোগ বৃদ্ধি করবো এবং আমাদের শিশুদের জন্য মাদক-মুক্ত পরিবেশ সৃষ্টির জন্য কাজ করবো। অবিভক্ত নিউ ইয়র্ক, আমাকে সহায়তা করো। চলুন সকলে মিলে নিউ ইয়র্ককে রক্ষা করি।

✉ rockydelafuente@rocky110.com

🌐 rocky110.com

📘 joinrocky

🐦 joinrocky

📷 joinrocky

মেয়র

নিকোল ম্যালিওটাকিস Nicole Malliotakis

রিপাবলিকান

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ পরিবহন ও ট্রাফিক
- ২ চাকরি ও ক্রয়ক্ষমতা
- ৩ জীবনমান



দলীয় অন্তর্ভুক্তি: রিপাবলিকান

বর্তমান পেশা: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার

পূর্বের পেশা: পাবলিক অ্যাফেয়ার্স ম্যানেজার

শিক্ষাগত যোগ্যতা: BA, সেটন হল; MBA ওয়াগনার কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ন্যাশনাল হিস্পানিক কলেজ অফ স্টেট লেজিসলেশন, ন্যাশনাল ফাউন্ডেশন অফ উইমেন লেজিসলেটরস

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: গভর্নর জর্জ পাটাকির NYC লিয়াইজন

আমি নিউ ইয়র্ক সিটি সরকারের জবাবদিহিতা পুনঃপ্রতিষ্ঠা করার জন্য এবং বাসিন্দাদের জীবনের মান উন্নয়নের জন্য প্রার্থী হয়েছি। আমাদের অবশ্যই যানজট, স্কুলের ব্যর্থতা, দুর্ভাগ্য পরিবহন, গৃহহীন সংকট এবং ধর্ষণ ও যৌন-সম্পর্কিত অপরাধ বৃদ্ধির দিকে আলোকপাত করতে হবে। দীর্ঘমেয়াদী জনসংখ্যা বৃদ্ধির সমন্বয় সাধন এবং অর্থনৈতিক উন্নয়নে সিটি তার অবকাঠামোতে বিনিয়োগ করছে না। আমাদের ট্রাফিক প্রবাহকে সহজ ও পথচারীদের রক্ষার উদ্দেশ্যে স্মার্ট লাইট প্রযুক্তিতে এবং বিলম্ব ও ঠাসঠাসি সমাধানের উদ্দেশ্যে সাবওয়ের সংকেতের উন্নতি করার জন্য বিনিয়োগ করা উচিত। আমরা এটির জন্য অর্থ ব্যয় করতে পারব যদি আমরা অপচয়মূলক খরচ বন্ধ করতে পারি, ব্যর্থ কার্যক্রমগুলো পুনর্গঠন অথবা বাদ দিতে পারি, এবং আমলাতন্ত্র হ্রাস করতে পারি।

মেয়র হিসাবে, আমি NYPD কে তাদের কাজ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবরাহ করব, ভাল বেতনের কাজ পেতে মানুষের দক্ষতা অর্জনে সাহায্য করার জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণের সুযোগ প্রসারিত করব, যারা আসক্তি/মানসিক অসুস্থতার সঙ্গে সংগ্রাম করছে তাদেরকে সাহায্য করব, গৃহহীনতার মূল কারণগুলো সক্রিয়ভাবে খুঁজে বের করব, পিতামাতাকে আরও অধিক বিদ্যালয় পছন্দের সুযোগ সরবরাহ করব, নিশ্চিত করব যেন শিক্ষাখাতের অর্থ শ্রেণিকক্ষ পর্যন্ত পৌঁছায়, যেখানে সম্ভব ব্যয় নিয়ন্ত্রণ এবং কর হ্রাস করব।

✉ nicoleformayor2017@gmail.com

🌐 NicoleforMayor2017.com

🐦 nmalliotakis

📷 nmalliotakis

মেয়রের জন্যও প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

বিল মুরাওস্কী Bill Murawski

ডেমোক্রেটিক

ওয়াল্টার এন. আইয়াচী Walter Iwachiw

রিপাবলিকান

*প্রার্থীরা এই মুদ্রিত ভোটার গাইডে অন্তর্ভুক্তির সময় পূর্ণাঙ্গ প্রোফাইল জমা দেন নাই।

পাবলিক এডভোকেট

ডেভিড সি. আইসেনব্যাক David C. Eisenbach

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ ক্ষুদ্র ব্যবসার প্রতিষ্ঠানগুলোকে সুরক্ষিত রাখা
- ২ বড় বড় রিয়েল এস্টেটকে বিনামূল্যে সুবিধা প্রদান বন্ধ করা
- ৩ ভূমিকা-রাখার-জন্য-অর্থ-প্রদান, জাতীয় দুর্নীতি

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: ইতিহাসের অধ্যাপক

পূর্বের পেশা: বিশেষ শিক্ষা শিক্ষক

শিক্ষাগত যোগ্যতা: কলাম্বিয়া ইউনিভার্সিটি বিএ (BA), এমএ (MA), এমফিল (MPhil), পিএইচডি (PhD)

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: স্মল বিজনেস কংগ্রেস, NYers ফর অ্যা ইউম্যান-স্কেল সিটি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: প্রযোজ্য নয়

আমি ইতিহাসের একজন অধ্যাপক, নির্বাচনের প্রার্থী হয়েছি, কারণ আমার এই প্রিয় শহরটি ধ্বংস হয়ে যাচ্ছে এবং একই নেতৃত্বের হাতে আবারও ৪ বছর দায়িত্ব দেওয়া হলে সবকিছু শেষ হয়ে যাবে।

আমরা সকলেই জানি যে ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের সমস্যা চলছে। ৪ বছর আগে যখন ডি ব্লাসিও ও জেমস নির্বাচিত হয়েছিলেন, তখন তাঁরা উভয়েই সমর্থন করেছিলেন ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান ও জব সারভাইভাল অ্যাক্টটির, এইটি একটি বিল যা ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে লুণ্ঠনকারী বাড়িওয়ালাদের কাছ থেকে সুরক্ষণ করে। নির্বাচনের পরে তারা বিলটিকে বাতিল করে দিয়েছেন। এই পিছু হটার কারণ কী?...দুর্নীতির জন্য অর্থায়ন, আমি SBJSA-তে একটি গণ শুনানির আয়োজন করবো এবং নিশ্চিত করবো যাতে এটি ভোট পায়।

“সামগ্রী মূল্যের আবাসন”-এর ছদ্মবেশে ডি ব্লাসিও বড় বড় বিলাসবহুল টাওয়ার নির্মাণে ডেভেলপারদের অনুমোদন করেছেন যা কমিউনিটিগুলোকে ধ্বংস করে ফেলেছে এবং স্কুলসহ অবকাঠামোগুলো অতিরিক্ত চাপের সৃষ্টি করেছে। তিনি খেলার মাঠ, সবুজ চত্বর, হাসপাতাল ও পাঠাগারগুলো দান করে দিয়েছেন। ইতিমধ্যে, ডেভেলপারদের ব্যাংকের পরিস্থিতি আরো ভালো হয়েছে। কেনো?...দুর্নীতির জন্য অর্থায়ন, আমি একজন সিটি প্ল্যানিং কমিশনার নিয়োগ করার প্রতিশ্রুতি দিচ্ছি যিনি REBNY-র হাতের পুতুল নন। CPC-তে স্বচ্ছতা নিয়ে আনার জন্য আমরা একত্রে কাজ করবো। P.A., দলের আনুগত্য নির্বিশেষে, মেয়রের উপর নজরদারি করা উনার লক্ষ্য। আমি প্রতিদিন তাই করবো।

✉ ContactUs@eisenbachforny.com

🌐 publicadvocateeisenbach.com

📘 EisenbachForNY

🐦 Eisenbach4NY

10 | দেখুন www.nycfcfb.info/voterguide

লেটিশা জেমস Letitia James

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ নারীদের জন্য অর্থনৈতিক সাম্যতা নিয়ে আসা
- ২ শিশু ও পরিবার কল্যাণ পুনর্গঠন করা
- ৩ সামগ্রী মূল্যের আবাসন সংরক্ষণ ও সম্প্রসারণ

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি পাবলিক অ্যাডভোকেট

পূর্বের পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর, ৩৫তম ডিস্ট্রিক্ট; চিফ অফ স্টাফ অ্যান্ড কাউন্সেল, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি; পাবলিক ডিফেন্ডার, লিগ্যাল এইড সোসাইটি

শিক্ষাগত যোগ্যতা: হাওয়ার্ড ইউনিভার্সিটি স্কুল অফ ল', J.D.; লেহম্যান কলেজ, B.A.

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রযোজ্য নয়

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর, ৩৫তম ডিস্ট্রিক্ট; চিফ অফ স্টাফ অ্যান্ড কাউন্সেল, নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি

চার বছর আগে, সকল নিউ ইয়র্কবাসীর জন্য পাবলিক অ্যাডভোকেটের অফিসকে অর্থনৈতিক ও সামাজিক ন্যায়বিচারের বাহন হিসেবে যাত্রা শুরু করেছি। আমার অফিসে থাকাকালীন সময় আমরা অনেক কাজ সম্পন্ন করেছি। চাকুরীর সাক্ষাৎকারের সময় বেতনের ইতিহাস সম্পর্কে প্রশ্ন জিজ্ঞেস নিষিদ্ধ করার আমার যুগান্তকারী আইনটি আমাদেরকে বেতনের বৈষম্য দূর করার ক্ষেত্রে আরও এক ধাপ কাছাকাছি নিয়ে এসেছে; মিডল স্কুলের প্রতিটি শিশুর জন্য দুপুরের খাবার নিশ্চিত করা হয়েছে, প্রতিদিন ১০,০০০-এর বেশি শিশুকে পুষ্টিকর খাবার প্রদান করা হচ্ছে; সবচেয়ে খারাপ বাড়িওয়ালাদের তালিকাকে সম্প্রসারিত করার মাধ্যমে ভাড়াটিয়া ও অ্যাডভোকেটদের জন্য একটি উপকরণ ও সংস্থান হিসেবে ব্যবহারের সুযোগ করে দিচ্ছে। যদি আরও চার বছরের জন্য পুনরায় এই সুযোগ দেওয়া হয়, তাহলে আমি প্রতিটি শিশু যেন আরও ভালো ভবিষ্যৎ গড়ার সুযোগ পায়, প্রতিটি পরিবার শুধু যে বেঁচে থাকবে তা না তারা সাফল্যের সাথে জীবন অতিবাহিত করার সুযোগ পাবে এবং নিউ ইয়র্কবাসীরা সকলে যেন আমাদের শহরের সকল সম্ভাবনা ব্যবহার করতে পারে, তা নিশ্চিত করতে কাজ করা অব্যাহত রাখবো।

✉ tishjames2017@gmail.com

📘 LetitiaTishJames

🐦 tishjames

📞 (347) 560-4545

কোন প্ৰাইমাৰী নিৰ্বাচন নেই:

কম্পট্ৰোলার

ডিস্ট্ৰিক্ট ২৫-এৰ সিটি কাউন্সিল সদস্য

ডিস্ট্ৰিক্ট ২৬-এৰ সিটি কাউন্সিল সদস্য

ডিস্ট্ৰিক্ট ২৯-এৰ সিটি কাউন্সিল সদস্য

ডিস্ট্ৰিক্ট ৩১-এৰ সিটি কাউন্সিল সদস্য

কুইন্স বোরো প্রেসিডেন্ট

এভারলি ব্রাউন Everly Brown

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ ফোরক্লোজার এবং সেলটার বন্ধ করা
- ২ সাশ্রয়ী আবাসন করা যা গৃহহীনদের জন্যও থাকবে
- ৩ স্থানীয় কাজের সুযোগের উন্নয়ন

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: ব্যবসায়ী... কমিউনিটির সক্রিয় কর্মী

পূর্বের পেশা: ফোরক্লোজার কনসালটেন্ট এবং বিনিয়োগকারী

শিক্ষাগত যোগ্যতা: সেন্ট ফ্রান্সিস কলেজ থেকে ব্যাচেলর্স ডিগ্রী


প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ন্যাশনাল অ্যাকশন নেটওয়ার্ক, বিভিন্ন নাগরিক সমিতি এবং চ্যারিটি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: কমিউনিটি এডভোকেট
২০ বছরের অধিক

আমি ৪০ বছরের অধিক সময় কুইন্স বরো-তে বসবাস করেছি। আমি কুইন্সকে ভালবাসি এবং আমাদের বাসিন্দাদের জন্য ভাল মানের জীবন চাই। আমাদের প্রয়োজন নিরাপদ নেইবারহুড... গ্যাং প্রতিরোধ... ভাল স্কুল... পরিষ্কার পরিবেশ... সংখ্যালঘুদের এলাকায় অতিরিক্ত ঘনবসতিপূর্ণ গৃহহীনদের সেলটারগুলো বন্ধ করা, যার ফলে সম্পত্তির দাম হ্রাস পায়... বড় বড় ডেভেলপাররা NYCHA বাড়িগুলো অধিগ্রহণ করে বাসিন্দাদেরকে সরিয়ে কেবলমাত্র ধনীদের জন্য বিল্ডিং নির্মাণ করাটা খামানো। আমাদের স্থানীয় কাজের সুযোগের উন্নয়নের প্রয়োজন, যাতে আমাদের বাসিন্দারা স্ফীত অর্থনীতিতে বেঁচে থাকতে পারে।

কুইন্সের সংখ্যালঘু ব্যবসায়ীদের ব্যবসার ন্যায্য হিস্যা আমি নিশ্চিত করব। আমি একজন ন্যায্যপরায়ণ নির্বাচিত অফিসিয়াল হবো... যিনি আমাদের সকল বাসিন্দাদের সেবা স্বার্থের জন্য কাজ করবেন... তাদের জাতি... ধর্ম... বর্ণ... বা ধর্মবিশ্বাস নির্বিশেষে। আমাদেরকে জাতিগত ন্যায্যবিচার এবং সামাজিক সমতার জন্য দাঁড়ানো দরকার।

✉ BrownForChange2017@gmail.com



মেলিন্ডা কাৎজ Melinda Katz

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ ভাল পরিশোধ দেওয়ার চাকরী তৈরি করা
- ২ সাশ্রয়ী আবাসনগুলোকে রক্ষা করা
- ৩ উচ্চ অর্জনের স্কুল সমূহ

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: কুইন্স বরো প্রেসিডেন্ট

পূর্বের পেশা: NYC কাউন্সিল সদস্য (২০০২-২০০৯); ডিরেক্টর অফ কমিউনিটি বোর্ডস, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস (১৯৯৯-২০০২); NYS অ্যাসেম্বলি সদস্য (১৯৯৪-১৯৯৮); উকিল

শিক্ষাগত যোগ্যতা: সেন্ট জনস ইউনিভার্সিটি স্কুল অফ ল' থেকে M.B.A. J.D., ইউনিভার্সিটি অফ ম্যাসাচুসেটস থেকে B.A., হিলক্রিস্ট হাই স্কুল

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: সাবেক বোর্ড সদস্য, কুইন্স সিম্ফনি অর্কেস্ট্রা এবং কুইন্স জুইস কমিউনিটি কাউন্সিল

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: কাউন্সিল সদস্য এবং চেয়ার অফ ল্যান্ড ইউজ কমিটি; ডিরেক্টর অফ কমিউনিটি বোর্ড, কুইন্স বরো প্রেসিডেন্টের অফিস; নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলির সদস্য

আমি যখন কুইন্স বোরো প্রেসিডেন্ট হয়েছিলাম, আমার জন্য গুরুত্বপূর্ণ এই ছিল যে, সারা বিশ্ব যেন কুইন্সের বিস্ময়ের কথা জানে। আমরা জানি যে, বৈচিত্র্য মানে শক্তি, সুযোগ, এবং অর্থনৈতিক বৃদ্ধি। আমরা হলাম উদ্যোক্তা এবং ক্ষুদ্র ব্যবসাগুলির অধিবাস। আমরা বুদ্ধিমান, সাথে আছে ভাল ভাল সরকারী স্কুল, বিশ্বমানের কলেজ আর বিশ্ববিদ্যালয়, এবং গবেষণা প্রতিষ্ঠান সমূহ। আমাদের মহান শিল্প ও সংস্কৃতি, সুন্দর উদ্যান আর সৈকত, এবং রেস্টুরেন্ট এবং নাইট লাইফ আছে। কিন্তু তাও আমাদের চ্যালেঞ্জগুলো রয়েছে, এবং সেগুলোর সমাধান করার জন্য আমি নিবেদিত: স্কুলের অতিরিক্ত শিক্ষার্থীর সংখ্যা কমানো, সাশ্রয়ী আবাসনগুলোকে রক্ষা করা, এবং আমাদের বয়স্ক ব্যক্তির যাতে তাঁদের সমস্ত জীবনে পরিচিত কমিউনিটিগুলিতে থাকার ব্যয় বহন করতে পারেন তা নিশ্চিত করব।

✉ Katz4bp@gmail.com

🌐 melindakatz.com

📘 melinda.katz.4queens

🐦 MelindaKatz

আপনার পছন্দের সিটির জন্য ভোট দিন।

“অবশ্যই আমি নিরাপদ সড়ক চাই।
তাই আমি এমন একজন প্রার্থী
বেঁছে নিব যিনি আমাদের সকলকে
নিরাপদে রাখার জন্য একটি
পরিকল্পনা রেখেছেন।”

VOTING.NYC-এ ভোটার গাইডটি দেখুন।

আপনার মতামত প্রকাশ করুন।
সেপ্টেম্বর ১২-তে ভোট দিন।

#NYCVOTES



সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ১৯

পল ডি. গ্রাজিয়ানো Paul D. Graziano

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ অতিউন্নয়ন/জীবনমান
- ২ শিক্ষা
- ৩ সরকারি জমি/পার্কেস সুরক্ষা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নগর পরিকল্পনাবিদ

পূর্বের পেশা: একই

শিক্ষাগত যোগ্যতা: MS আরবান অ্যাফেয়ার্স, হান্টার কলেজ/BA কম্পেরেটিভ লিটারেচার, UMASS/ব্রক্স হাই স্কুল অফ সায়েন্স

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: উত্তরপূর্ব কুইনসের মাল্টিপল সিভিক/হোমওয়ার অ্যাসোসিয়েশন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: স্টেট সিনেটর টনি অ্যাভেলা/
অন্যান্য নির্বাচিত কর্মকর্তাদের ভূমি ব্যবহার পরামর্শক

দুই দশক ধরে উত্তরপূর্ব কুইনস একটি গুরুতর সমস্যার সন্মুখীন হয়েছে, ২০১৩ থেকে তা নিকট-সংকট পর্যায়ে পৌঁছেছে: অতিউন্নয়ন এবং আমাদের জীবনমানে লক্ষ ক্ষতি।

নির্মাণ বিভাগে দুর্নীতি/আইন প্রয়োগের অভাবের কারণে আমাদের আশপাশে অতিউন্নয়ন দেখেছি, যার ফলে হয়েছে, একক-পরিবারের ঘরবাড়ির অবৈধ রূপান্তর এবং অনুপযুক্ত নির্মাণ। আমরা মৌলিক পরিষেবা ও অবকাঠামোতে উল্লেখযোগ্য অবনতি দেখেছি, সবকিছু আমাদের কষ্টার্জিত করের অর্থ ব্যয়ে।

আমি উত্তরপূর্ব কুইনসকে এই ধরনের অপব্যবহার থেকে রক্ষা করার জন্য আমার জীবন উৎসর্গ করেছি এবং আমাদের প্রতিবেশীদের জন্য অবিরত লড়ে গেছি, যার মধ্যে রয়েছে এক দশক আগে আমাদের অধিকাংশ কাউন্সিল ডিস্ট্রিক্টকে একটি ক্ষুদ্রতর অঞ্চল শ্রেণির অধীনে আনা; ২০১৫ সালে কমিউনিটির ইচ্ছার বিপরীতে প্রাক্তন বেসাইড জিউইশ সেন্টারে একটি ৬-তলা, ৮০০-শিক্ষার্থীর হাই স্কুল স্থাপন করা থেকে বর্তমান কাউন্সিল সদস্যকে বিরত রাখা; এবং ৬-ই জুন, ক্লাশিং মিডোস- কোরোনা পার্কে একটি বৃহৎ-বাজার নির্মাণের জন্য সরকারি পার্কল্যান্ডের ৪৫ একর জমি চুরি বন্ধ করা।

- ✉ paulgraziano2017@gmail.com
- 🌐 paulgraziano.com
- 📘 paulgraziano2017
- 🐦 PaulGraziano19

পল এ. ভ্যালোন Paul A. Vallone

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ স্কুলের জন্য নিরাপদ তহবিল
- ২ জীবনমান সংরক্ষণ অব্যাহত রাখা
- ৩ বয়োজ্যেষ্ঠ ও বৃদ্ধদের জন্য লড়াই

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর, ১৯তম ডিস্ট্রিক্ট

পূর্বের পেশা: ম্যানেজিং পার্টনার, ভ্যালোন এন্ড ভ্যালোন, LLP

শিক্ষাগত যোগ্যতা: J.D., সেন্ট জনস ইউনিভার্সিটি স্কুল অফ ল',
বি.এ.; ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ক্লিন্টন ড্যামোক্রেটিক ক্লাবের ইমিডিমেট পাস্ট প্রেসিডেন্ট, প্রথম প্রেসিডেন্ট ও প্রতিষ্ঠাতা সদস্য, বেসাইড-হোয়াইটস্টোন লায়ন্স ক্লাব

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: ১৯তম ডিস্ট্রিক্ট ও NYC সংশোধন পর্যদের কাউন্সিল সদস্য

কাউন্সিল সদস্য হিসেবে, প্রথম দিন থেকে আমার মুখ্য লক্ষ্যবিন্দু ছিলো ডিস্ট্রিক্ট ১৯-কে মানচিত্রে ফিরিয়ে আনা, এবং আমাদের সহযোগী নির্বাচিত কর্মকর্তা, স্কুল, ক্রীড়া দল, অলাভজনক সংস্থাগুলো এবং প্রতিটি নাগরিক ও সাংস্কৃতিক সমিতির সাথে একত্রে কাজ করে, আমরা ঠিক তাই করেছি। আমার মেয়াদের প্রথম চার বছর জুড়ে, ডিস্ট্রিক্ট ১৯ প্রায় ৬৫ মিলিয়ন ডলার তহবিল গ্রহণ করেছে, যা পূর্ববর্তী বারটি সিটির বাজেট পরিপূর্ণভাবে ছাপিয়ে যায়। অনেক মিলিয়ন ডলারের কারণে আমাদের স্কুল, পার্ক ও লাইব্রেরিসমূহ পুনরুদ্ধারিত হয় যা আগে কখনো বরাদ্দ ছিলো না। আমাদের স্কুলগুলিকে আধুনিকায়ন ও সহায়তা করতে তহবিলের জন্য লড়াই অব্যাহত রাখা, আমাদের জীবনমান সংরক্ষণের জন্য আইনিকরণ প্রক্রিয়া পাস করা ও শহরের প্রতিনিধিদের সাথে কাজ করা এবং আমাদের বয়োজ্যেষ্ঠ ও বৃদ্ধরা যে আমাদের সিটি থেকে সম্ভাব্য সর্বোত্তম পরিষেবা গ্রহণ করছেন তা নিশ্চিত করা হোল আমার পুনঃনির্বাচন প্রচারণার স্তম্ভ।

- ✉ votevallone@gmail.com
- 🌐 votevallone.com
- 📘 WeSupportPaulVallone
- 🐦 paulvallone
- 📞 718-428-7285

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২০

পিটার এ. কু
Peter A. Koo

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- শিক্ষা
- জনসাধারণের নিরাপত্তা
- জীবনযাত্রার মান



এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২০-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

এলিসন টেন
Alison Tan

ডেমোক্রেটিক

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রণের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: কাউন্সিলম্যান

পূর্বের পেশা: ফার্মাসিস্ট

শিক্ষাগত যোগ্যতা: ইউনিভার্সিটি অফ নিউ মেক্সিকো, অ্যান্থ্রোকারকী

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: লাগোয়ারডীয়া কমিউনিটি কলেজ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা; ক্লাশিং রোটারি ক্লাবের প্রেসিডেন্ট; আমেরিকান ক্যান্সার সোসাইটির বোর্ড মেম্বর

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: কমিউনিটি বোর্ড ৭-এর মেম্বর

যখন আমি প্রথমবার অফিসে কাজ শুরু করলাম, তখন আমি আমার উদ্দেশ্য তৈরি করলাম সিদ্ধান্তগুলো বাস্তবায়ন করা, এবং আমি বলতে পেরে গর্বিত যে আমরা বাস্তব অগ্রগতি অর্জন করেছি।

আমি REBNY-র বিরুদ্ধে সংগ্রাম করেছি, এবং সিটির ল্যান্ডমার্কিং প্রক্রিয়া সংশোধন করেছি, সংশ্লিষ্ট সকল পক্ষের জবাবদিহিতা বেড়েছে।

আমরা ১৪৯-স্ট্রিটের সেতু পুনরায় খোলার জন্য কাজ করেছি; আমরা মেইন স্ট্রিটের, রুজভেল্ট এভিনিউ-এর, কলেজ পয়েন্ট বুলেভার্ডের, কিসেনা কোরিডোর পার্কের কাছাকাছির রাস্তাগুলো মেরামত করেছি।

আমরা মেইন স্ট্রিটের ফুটপাথগুলি আরও চওড়া করছি, পদযাত্রীদের নিরাপত্তার জন্য, এবং আমরা চালু করেছি ক্লাশিং পরিচ্ছন্ন রাখার অভিযান (ক্লিফ ক্লাশিং ক্লিন ক্যাম্পেইন)।

আমি আমাদের ডিস্ট্রিক্টের সাশ্রয়ী মূল্যের বাসস্থানসমূহ তৈরি করার জন্য কাজ করেছি এবং ভাড়া স্থিতিশীল ভবনগুলোর ভাড়াটিয়াদের দরজায় দরজায় গিয়ে তাঁদের অধিকার জানানো নিশ্চিত করেছি। আমি আমাদের পরিবারের এবং আশেপাশের এলাকা রক্ষা করার জন্য, অবৈধ রূপান্তর আইন সমর্থন এবং পাস করেছি।

আমি আমাদের স্কুলগুলির জন্য অনুদান পেয়েছি যার মধ্যে P.S. 24-এর নতুন শাখার নির্মাণ, এবং ফ্রান্সিস লুইস হাইস্কুলের জন্য একটি নতুন সংযোজন নির্মাণ রয়েছে।

আমার প্রথম অগ্রাধিকার হল আমাদের কমিউনিটির সেবা সবসময় করার, এবং ক্লাশিংয়ের অব্যাহত অগ্রগতির জন্য আমি প্রতিজ্ঞাবদ্ধ।

✉ PeterKoo2017@gmail.com

🌐 peterkoo.com

📌 PeterKooCampaign

🐦 CMPeterKoo

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২১

ক্রিস্টিনা এম. ফারলং Cristina M. Furlong

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ আবাসন: প্রতিটি পর্যায়েই সাধের মধ্যে ব্যয় করার সক্ষমতা
- ২ শিক্ষা: সমানাধিকার, ভিড হ্রাস করা
- ৩ নিরাপত্তা: মানবাধিকার, অবকাঠামো, অপরাধ

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: ট্যুর গাইড, একজন লেখক এবং মেইক কুইন্স সেইফার-এর জন্য একজন এডভোকেট

পূর্বের পেশা: কর্পোরেট ভিডিও প্রযোজক; 9/11 পরবর্তী FEMA দুর্যোগ সহায়তা কর্মী

শিক্ষাগত যোগ্যতা: MA CUNY স্কুল অফ জার্নালিসম, BA - হান্টার কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: মেইক দা রোড-পেরেন্টস ইন অ্যাকশন কমিটি, কুইন্স. বাইক ইনিশিয়েটিভ NYC গ্রো টু লার্ন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: PTA-র প্রেসিডেন্ট এবং স্কুল লিডারশিপ টিম সদস্য

আমার একমাত্র লক্ষ্য হচ্ছে ডিস্ট্রিক্ট ২১-এর মানুষের উদ্বেগ। অর্থ, খ্যাতি বা দলের রাজনীতি নয়। আমি ডিস্ট্রিক্টের জন্য বিনা পারিশ্রমিকে অনেক বছর কাজ করেছি এবং ক্লাশিংয়ের অগ্রগতি বন্ধ হতে দেবো না।

✉ d21race@gmail.com

🌐 cristinafurlong2017.com

📘 CristinaForCouncil

🐦 D21Cristina

হিরাম মন্সেরাতে Hiram Monserrate

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সাম্রয়ী মূল্যের আবাসন তৈরি করা
- ২ একটি নতুন উইলেটস পয়েন্ট প্ল্যান
- ৩ অতিরিক্ত ঠাঁসঠাসি স্কুলগুলিতে স্বাস্থ্য আনা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অবসরপ্রাপ্ত

পূর্বের পেশা: স্টেট সিনেটর এবং সিটি কাউন্সিল মেম্বর, NYPD পুলিশ অফিসার, US ম্যারিনস

শিক্ষাগত যোগ্যতা: কুইন্স কলেজ থেকে রাষ্ট্রবিজ্ঞানে ডিগ্রি

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রযোজ্য নয়

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: স্টেট সিনেটর এবং সিটি কাউন্সিল মেম্বর

আমরা সবাই জানি যে আমরা কঠিন সময়ে বসবাস করছি। কঠিন সময়ে দরকার দৃঢ় নেতৃত্বের। একজন প্রাক্তন সিটি কাউন্সিল সদস্য এবং স্টেট সিনেট হিসেবে আমার নেতৃত্বের মাধ্যমে স্কুলে, সিনিয়র সেন্টারসমূহের জন্যে, এবং আমাদের সড়ককে পরিষ্কৃত ও নিরাপদ রাখার জন্যে অর্থ এনেছি। এই সময়কালে আমাদের যে বিষয়গুলো প্রিয়, সেগুলোর উপর হুমকির আশঙ্কা, আমি আমাদের সকলের হয়ে উঠে দাঁড়াবো এবং আমাদের কমিউনিটিকে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করবো। বাস্তব ফলাফল হলো সত্যিকারের গুরুত্বপূর্ণ বিষয়, এবং নিছক রাজনৈতিক প্রতিশ্রুতি নয়। আমি ন্যায়পরায়তার সহিত এবং সরকারি কাজ ও জীবন যাত্রার মাধ্যমে যে অভিজ্ঞতা পুঞ্জীভূত করেছি, তা নিয়ে পুনরায় অর্পণ করবো। আমি আপনার ভোট চাই এবং পুনরায় আপনার সেবা করার সুযোগ চাই।

🌐 hiram2017.com

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২১

এরিকা মন্টোয়া Erycka Montoya

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ ভাল মানের সাশ্রয়ী মূল্যের বাসস্থানসমূহ তৈরি করা
- ২ স্থানীয় স্কুলগুলোর সমর্থন করা
- ৩ নারীদের অধিকার ও সমতা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: প্রযোজ্য নয়

পূর্বের পেশা: কমিউনিটি এনগেজমেন্ট ম্যানেজার, FHL

শিক্ষাগত যোগ্যতা: B.A., পলিটিকাল সায়েন্সের মাধ্যমে, ডু ইউনিভার্সিটি

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রযোজ্য নয়

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: কমিউনিটি সংগঠনকারী

আমি এরিকা মন্টোয়া। আমি আমার বিভিন্ন কাজের অভিজ্ঞতা দিয়ে এবং সঠিকভাবে সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২১-এ আপনাদের প্রতিনিধিত্ব করবো। লক্ষ্যকে বড় হয়েছি, আমি বড় স্বপ্ন দেখেছিলাম কিন্তু জনাকীর্ণ স্কুলগুলো আমাকে আমেরিকার বার্থ স্বপ্নদর্শী হিসাবে প্রায় পরিসংখ্যানে পরিণত করেছিল। ম্যাকডোনাল্ডসে হাসি মুখে বাথরুম পরিষ্কার করা, ফ্রাইস পরিবেশন করা থেকে শুরু করে ওল্ড নেভীতে ডেনিম শাখা সজ্জিত করে, আমি পরিবর্তনের প্রতিনিধি হয়েছি। কমিউনিটিকে প্রভাবিত করে এমন জীবনমুখী গুণাবলীর জন্য আমি নিউ ইয়র্ক সিটি কাউন্সিলে অনুকরণীয় পরিচিত হয়েছি। CCRB প্রক্রিয়ার মাধ্যমে সংগঠকদেরকে পরিচালিত করেছি, ভাড়াটিয়াদের অধিকার সংরক্ষণ, এবং NYCHA অনেক একক মামলার উকালতি করেছি, যখন ভাড়া সামর্থের বাইরে বাড়ানো হয়েছে। আমি যুব সংশ্লিষ্টতা এবং কমিউনিটি শিক্ষার একজন অতি উৎসাহী সংগঠক, আমি বিশেষ করে NYCHA বাসিন্দাদের জন্য ৬-মাসের কিশোর কর্মসংস্থান প্রকল্প তৈরি করেছি। আমি একজন জননী, কলম্বিয়া থেকে দেশান্তরিত একজন একক মায়ের কন্যা এবং আভিবাসী ও মধ্যবিত্ত পরিবারগুলো প্রতিদিন কি কি সমস্যার সম্মুখীন হয় তা আমি জানি। আমি বিশ্বাস করি আরও সম্পৃক্ততা, এবং অবহিত কমিউনিটি হিসাবে আমরা একত্রে এগিয়ে যেতে পারবো।

✉ MontoyaforNYC@gmail.com

🌐 VoteEryckaMontoya.com

ফ্রান্সিসকো ময়া Francisco Moya

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ শক্তিশালী ভাড়াটিয়া সুরক্ষা এবং ক্রয়ক্ষমতা
- ২ আমাদের স্থানীয় বিদ্যালয়ের উন্নতিসাধন
- ৩ বয়োজ্যেষ্ঠদের সুরক্ষা করা এবং কর্তন প্রতিরোধ

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক স্টেট অ্যাসেম্বলি মেম্বার

পূর্বের পেশা: সরকার সম্পর্কিত

শিক্ষাগত যোগ্যতা: BA, সেন্ট জনস ইউনিভার্সিটি, ন্যাশনাল আরবান ফেলো, MPA বারুক কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: করোনা লায়ন্স ক্লাব; সেন্ট লিও'স গোল্ডেন এইজ ক্লাব

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট প্রধান; সভাপতি, কংগ্রেসম্যান জো ক্রোওলি এর ল্যাটিনো বিষয়ক কমিটি

আমি করোনার একজন আজীবন বাসিন্দা, যে কিশোর অবস্থায় করোনা গার্ডেন নেইবার অ্যাসোসিয়েশন সংগঠনের মাধ্যমে আমার কমিউনিটিকে সংঘবদ্ধ করতে শুরু করেছি - যা একটি ব্লক-ওয়াচ প্রোগ্রাম চালু করেছে, এবং আশপাশের এলাকার সৌন্দর্যের যত্ন রেখেছে। এই প্রারম্ভিক সক্রিয়তার উপর ভিত্তি করে, আমি আমাদের কমিউনিটির জন্য কাজ করতে কংগ্রেসম্যান নীডিয়া ভেলাঙ্ক-এর জন্য কাজ করি, এবং এল্‌হার্শট হসপিটালে স্বাস্থ্য সেবা সম্প্রসারণ করতে সাহায্য করি।

আমি আমার জীবন নিবেদিত করেছি, আন্তরিকভাবে জনগণের সেবায়- আমাদের এলাকাগুলোর মধ্যে জন সেবার সুযোগ বৃদ্ধি ও বয়োজ্যেষ্ঠদের সহায়তার মাধ্যমে। অ্যাসেম্বলিতে, আমি অভিবাসীদের জন্য ভাল বেতনের চাকরি, নিরাপদ রাস্তা, স্কুলের তহবিল বৃদ্ধি, ও বৃহত্তর সুরক্ষা প্রদান করেছি। আমি ন্যূনতম মজুরি বৃদ্ধি ও ফোজদারি বিচার সংস্কার করে গর্বিত। আমি গৃহ মালিকদের খরচ কমানোর জন্য জুলিসার সেবার ঐতিহ্য চালিয়ে যাবো, প্রি-কে এবং আফটার-স্কুল প্রোগ্রাম বিস্তৃত করবো, এবং সিটি হলে আমাদের বক্তব্য তুলে ধরবো। আমাদের এগিয়ে যেতে হবে এবং ট্রাম্প ও দুর্নীতির বিরুদ্ধে দাঁড়াতে হবে।

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২২

কোস্টা কনস্ট্যান্টিনিডিস Costa Constantinides

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখা
- ২ বিজ্ঞান শিক্ষার উন্নয়ন
- ৩ আমাদের পার্কগুলিকে পুনরুজ্জীবিত করা



এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২২-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

কেনেথ এন. ওয়ান্ডার ◆ Kenneth N. Wynder

ডেমোক্রেটিক

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রণের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: NYC কাউন্সিলের সদস্য

পূর্বের পেশা: ডেপুটি চিফ অফ স্টাফ

শিক্ষাগত যোগ্যতা: কার্ডোজো ল স্কুল থেকে স্নাতক কুম লাইডে

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: অ্যাস্টোরিয়া ও NYC জুড়ে একাধিক
প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: বর্তমান কাউন্সিল সদস্য

কাউন্সিল সদস্য হিসেবে প্রথম মেয়াদে, আমাদের শহরকে বিপদ ও জীবনস্বপ্ন জ্বালানির দৃশ্য থেকে একটি নবায়নযোগ্য ও টেকসই ভবিষ্যতের দিকে রূপান্তর করাকে আমার লক্ষ্যে পরিণত করেছিলাম। ২০১৪ সালে, সিটি কাউন্সিল সর্বসম্মতিক্রমে ২০৫০-এর মধ্যে ৮০ শতাংশ কার্বন নিঃসরণ কমিয়ে আনতে আমার বিল পাস করেছিল। এ জন্য, সৌর শক্তি, ভূতাপীয় শক্তি, জৈবজ্বালানি, টেকসই উত্পাদন এবং বৈদ্যুতিক যানবাহনের ব্যবহার বাড়াতে আমরা আমার বিল পাস করেছি। উক্ত কাউন্সিল K-12 এর বিষয়-অংশ হিসেবে জলবায়ু বিজ্ঞান শিক্ষাদান সংক্রান্ত আমার প্রস্তাবও পাস করেছে।

আমাদের শহরের বার্ষিক বাজেটের অংশ হিসেবে, আমি সরকারি স্কুলসমূহে STEM ল্যাব ও বিজ্ঞান শ্রেণিকক্ষের জন্য তহবিল অর্জন করেছি। হ্যালোটস কোডে ইন্টারেক্টিভ কায়াকের উদ্বোধনের জন্যও আমি তহবিল প্রদান করেছি যেখানে শিক্ষার্থীরা সামুদ্রিক জীবন সম্বন্ধে অধ্যয়ন করতে পারবে। আমাদের ডিস্ট্রিক্ট জুড়ে পার্ক ও খেলার মাঠ বৃদ্ধি করার জন্য আমি অনেক মিলিয়ন ডলার বিনিয়োগ করেছি। ওয়েস্টার্ন অ্যাস্টোরিয়ায় অতি-প্রয়োজনীয় পরিবহন বিকল্প প্রদান করে এই অঞ্চলে ফেরি ফিরিয়ে আনার জন্য আমি লড়ে গেছি।

✉ Costa4ny@gmail.com

🌐 VoteCosta.com

📘 costaforastoria

🐦 costa4ny

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৩

ব্যারি এস. গ্রোডেনচিক Barry S. Grodenchik

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ আমাদের স্কুলগুলিকে উন্নত রাখা
- ২ আমাদের সড়কগুলিকে নিরাপদ রাখা
- ৩ সম্পত্তির কর হ্রাস

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর

পূর্বের পেশা: NY অ্যাসেম্বলি, ডেপুটি কুইনস বরো প্রেসিডেন্ট

শিক্ষাগত যোগ্যতা: B.A বার্মিংহাম ইউনিভার্সিটি (স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক)

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: নেই

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: তিন দশক ধরে সরকারি কাজে নিয়োজিত

আমি ইস্টার্ন কুইনস সিটির কাউন্সিল সদস্য হয়ে গর্বিত, এবং এত অল্প সময়ে আমরা যা অর্জন করেছি তা নিয়ে আমি গর্বিত। আমি আপনার জন্য কাজ করে যেতে চাই। এই কারণে ৭ই নভেম্বর মঙ্গলবার আমি আপনার ভোট চাই।

✉ info@BarryGrodenchik.com

🌐 BarryGrodenchik.com

এছাড়াও সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৩-এ প্রতিদ্বন্দ্বিতা করছেন:*

বেনি এ. এথলীরা Benny A. Itleera

ডেমোক্রেটিক

*প্রার্থী তাঁর পূর্ণাঙ্গ একটি প্রোফাইল এই ভোটার গাইড মুদ্রণের সময় অন্তর্ভুক্ত করার জন্য প্রদান করেন নাই।

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৪

রোরী আই. ল্যান্সম্যান Rory I. Lancman

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ মধ্যবিত্ত পরিবারের বোঝা লাঘব
- ২ ফৌজদারি বিচার ব্যবস্থার পুনর্গঠন, জন নিরাপত্তা
- ৩ সরকারী স্কুলগুলোর উন্নয়ন

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য

পূর্বের পেশা: এসেম্বলি মেম্বর ২০০৭-২০১২, কর্মস্থলে বৈষম্য এবং হয়রানি, মজুরী আন্দোলন, এবং ত্রুটিপূর্ণ পণ্যের কারণে গুরুতর ক্ষতির শিকার ব্যক্তিদের আইনজীবী হিসাবে প্রতিনিধিত্বকারী।

শিক্ষাগত যোগ্যতা: কুইন্স কলেজ অফ দ্যা সিটি ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্ক (B.A.); কলাম্বিয়া ল' স্কুল (J.D.)

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: নিম্নে দেখুন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: পাবলিক অফিসে নির্বাচিত হবার আগে, রোরী বিভিন্ন বোর্ডে কাজ করেছেন, যার মধ্যে কমিউনিটি বোর্ড ৮, দি কুইন্স হসপিটাল সেন্টার কমিউনিটি এডভাইসারী বোর্ড (চেয়ার), দি নিউ ইয়র্ক স্টেট ট্রায়েল ল'ইয়ার এ্যাসোসিয়েশন, দি ব্র্যান্ডাইস বার এ্যাসোসিয়েশন এবং কুইন্স জুইস কমিউনিটি কাউন্সিল। রোরী নিউ ইয়র্ক সিটি সিভিল কোর্টের ক্ষুদ্র দাবিদারের সালিশ হিসেবে, অবার্নডেল সকার লীগে একজন স্বেচ্ছাসেবক কোচ হিসেবে, এবং নিউ ইয়র্কের নিজস্ব 42 তম ইনফ্যান্ট্রি বিভাগের ইনফ্যান্ট্রি কর্মকর্তা হিসেবেও জড়িত ছিলেন।

৪০-বছরের বেশি সময় ধরে এই কমিউনিটিতে আমার বসবাস এবং আমি আমাদের কাউন্সিলের সদস্য হওয়ার জন্য গর্বিত। আমাদের জীবনমান উন্নত করতে ও আমাদের কমিউনিটির সেবা করার জন্য আমি আমাদের স্কুল, লাইব্রেরি, পার্ক ও সিনিয়র সেন্টারগুলোর জন্য অর্থ বরাদ্দ করেছি। আমরা আমাদের শিশুদের জন্য সার্বজনীনভাবে প্রি-কে স্থাপন করেছি এবং আমাদেরকে নিরাপদ রাখার জন্য ১,৩০০ জন পুলিশের বাড়তি যোগ করেছি। এবং আমাদের ছোট ছোট ব্যবসা প্রতিষ্ঠানের উপর জরিমানা হ্রাস করেছি। আপনাদের সহায়তা নিয়ে, আমি সিটি হলে আমাদের কমিউনিটির জন্য লড়াই অব্যাহত রাখতে পারবো।

✉ contact@rorylancman.com

f RoryLancman

t RoryLancman

মোহাম্মদ টি. রহমান Mohammad T. Rahman

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ অভিবাসন অধিকার
- ২ জনগণের নিরাপত্তা
- ৩ বয়োজ্যেষ্ঠ পরিষেবা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অবসরপ্রাপ্ত

পূর্বের পেশা: কেস ম্যানেজার, সুপারভাইজার, NYC সোশ্যাল সার্ভিস ডিপার্টমেন্ট

শিক্ষাগত যোগ্যতা: মনোবিজ্ঞানে B.S.

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: NYC বাংলাদেশী সিভিল সার্ভিস সোসাইটি ইনকর্পোরেটেড, ভাইস-প্রেসিডেন্ট দারুস সালাম মসজিদ NY ইনকর্পোরেটেড

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: NYC সোশ্যাল সার্ভিস ডিপার্টমেন্ট

বহু সময় ধরে আমাদের ডিস্ট্রিক্টটি ক্যারিয়ার রাজনীতিবিদদের দ্বারা প্রতিনিধিত্ব হয়েছে যারা সমস্যার একটি অংশ, সমাধানের অংশ নয়। এখন সময় হয়েছে সিটির তহবিল ও পরিষেবা থেকে কমিউনিটির সবাই তাদের ন্যায় অংশ পাওয়ার। আমাদের কমিউনিটি শুধু নির্বাচনকালেই এর নির্বাচিত কর্মকর্তাদের পরিচিতি দেখে, যখন তারা আমাদের কাছে আর্থিক সহায়তা এবং ভোট চায়। তারপর পরবর্তী নির্বাচনের সময়ের আগে পর্যন্ত তারা উধাও হয়ে যায়। নির্বাচিত হলে আমি ডিস্ট্রিক্ট ২৪-এর সকল জনগণের প্রতিনিধিত্ব করবো, শুধুমাত্র হাতে গোণা কয়েক জনের নয় এবং সবার জন্যই উপস্থিত থাকবো, সবসময়।

✉ rahmancampaign2017@gmail.com

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৭

আই. ডানিক মিলার I. Daneek Miller

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সাউথইস্ট কুইন্স স্কুলের জন্য অর্থ-সংগ্রহের উপায়
- ২ সাউথইস্ট কুইন্সের জন্য পরিবহন সাম্য
- ৩ সাশ্রয়ী মূল্যের আবাসন করা; ফোরক্লোসারের সমাপ্তি

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর, ২৭তম ডিস্ট্রিক্ট

পূর্বের পেশা: প্রেসিডেন্ট, অ্যামালগেমেটেড ট্রান্সপোর্টেশন ইউনিয়ন ১০৫৬; কো-চেয়ার, MTA শ্রমিক জোট

শিক্ষাগত যোগ্যতা: কর্নেল স্কুল অফ ল্যাবার রিলেশন্স, ইউনিভার্সিটি ট্রান্সপোর্টেশন রিসার্চ ইন্সটিটিউট ন্যাশনাল ল্যাবার কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ডেমোক্রেটিক লিডার, ৩৩তম এ.ডি. সাদান কুইন্স পার্কস সমিতি ইউনাইটেড ব্ল্যাক মেন অফ কুইন্স ডাগলাস-কিং, গাই আর. ব্রুয়ার এবং ইউনাইটেড ফর প্রোগ্রেস ড্যামোক্রেটিক ক্লাবস

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: সিটি কাউন্সিল সদস্য; চেয়ার, কমিটি অন সিভিল সার্ভিস এন্ড ল্যাবার; সদস্য, কমিটি অন কন্স্ট্রাক্টস, ইকোনমিক ডেভেলপমেন্ট, ফিন্যান্স, ও ট্রান্সপোর্টেশন

কাউন্সিলম্যান মিলারের অর্জন ও সহায়তা শ্রমিক পরিবারের প্রতি তার অঙ্গীকার প্রদর্শন করে। আমাদের তরুণ স্কলারদেরকে একটি সফল ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় সংস্থান সরবরাহ করার জন্য তিনি অধ্যক্ষ, শিক্ষক ও পিতামাতার সাথে কাজ করেন। পরিবহন সমান্যধিকারের জন্য তাঁর সহায়তা সাউথইস্ট কুইন্সের জন্য তাঁর ফ্রিডম টিকেট প্রস্তাবনা MTA গ্রহণ করেছে, যার ফলে LIRR ভাড়া কমিয়ে দেবে এবং বিনামূল্যে বাস বা সাবওয়ের মধ্যে পরিবর্তন করা যাবে। পরিবারগুলি তাদের বন্ধকৃত বাড়ি পুনরায় ক্রয়ের মহান বন্দোবস্তের মাধ্যমে তাদের বাড়ি বজায় রেখেছে। তিনি সাশ্রয়ী মূল্যের আবাসন বৃদ্ধি করেছেন, শ্রমিকদেরকে সুরক্ষিত রেখেছেন, হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন চাকরী সংরক্ষণ করেছেন এবং সম্পত্তির কর বৃদ্ধির জন্য ভোট প্রদানে অস্বীকৃতি জানিয়েছেন।

✉ daneek4citycouncil@gmail.com

🌐 idaneekmiller.com

📧 i.daneek.miller

🐦 daneek4council

অ্যান্থনি রিভার্স Anthony Rivers

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ কমিউনিটি আবাসন ইউনিটের উন্নয়ন
- ২ মানসম্পন্ন শিক্ষা ও স্কুল পরবর্তী প্রোগ্রাম
- ৩ বয়স্কদের জন্য ব্যাপক কর্মসূচী

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: আর্থিক পরিষেবা প্রতিনিধি

পূর্বের পেশা: NYPD লুটেনেন্ট, ইউনাইটেড স্টেটস মেরিন কর্পোরেশন

শিক্ষাগত যোগ্যতা: SUNY এম্পায়ার স্টেট কলেজে পড়েছিলাম

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: পিপল ফর দ্য নেইবারহুড এর প্রতিষ্ঠাতা, সেন্ট আলবার্ন নাগরিক, এবং কমিউনিটি ফার্স্ট

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: কুইন্স, ব্রুকলিন ও ব্রক্স জুড়ে ২৩ বছরের কমিউনিটি অভিজ্ঞতা

আমাদের কমিউনিটিতে হোটেল আশ্রয়কেন্দ্র স্থাপনের কারণে দক্ষিণপূর্ব কুইন্সে আবাসনের মান নেতিবাচকভাবে প্রভাবিত হচ্ছে। গৃহহীনদের জন্য আশ্রয়কেন্দ্র একটি সমাধান নয়। মানুষের দরকার বেঁচে থাকার মতো বেতন সহ চাকরীর এবং সামর্থ্যের মধ্যে আবাসন ইউনিট পাওয়া। আমি বিশ্বাস করি যে, সিনিয়র সেন্টারগুলো বন্ধ হওয়া, আমাদের স্কুলগুলিকে বেসরকারী করণ করা, এবং অসাশ্রয়ী আবাসন-ই এই অঞ্চলের স্থিতিশীলতা এবং সকল বাসিন্দার ভবিষ্যতকে ক্ষয় করছে। দক্ষিণপূর্ব কুইন্সের বাসিন্দাদের মানসম্পন্ন সরকারি স্কুল হওয়া উচিত, সহায়ক সার্ভিস সেন্টার থাকা দরকার, যা বয়স্কদেরকে ব্যাপক অনুষ্ঠান প্রদান করবে, শিশু ও কিশোরদেরকে শারীরিক ও শিক্ষামূলক বর্ধিত অভিজ্ঞতা প্রদান করবে, এবং সেইসাথে কমিউনিটি ফোরামের স্থান, এবং সিটির সকল সংস্থায় পরিষেবা প্রদান করবে। একটি কমিউনিটি ভালো, যখন তার বাসিন্দারা অতই ভালো পরিষেবা পায়। আমি আমাদের কমিউনিটির জন্য লড়ে যেতে ভয় পাই না। এই কমিউনিটির জন্য আমার একটি ভিন্ন দৃষ্টিভঙ্গি রয়েছে। এখনই সময় হয়েছে উঠে দাঁড়ানোর!

✉ Peoplefortheighborhood@Gmail.com

🌐 Peoplefortheighborhood.com

🐦 Pplneighborhood

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৮

এড্রিয়ন অ্যাডামস Adrienne Adams

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ হোটেলের থেকে বাসার বেশী ন্যায্যতা
- ২ বেআইনি ময়লা ফেলা নির্মূল করা
- ৩ বেআইনি রাখা ট্রাকগুলোকে জরিমানা করা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: চেয়ারপারসন, কুইন্স কমিউনিটি বোর্ড ১২

পূর্বের পেশা: কর্পোরেট ট্রেইনার, চাইল্ড ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট (CDA) ইনস্ট্রাক্টর

শিক্ষাগত যোগ্যতা: B.A. সাইকোলজি, স্পেলম্যান কলেজ

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: NAACP, ন্যাশনাল একশান নেটওয়ার্ক, আলফা কাপ্পা আলফা সরোরিটি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: বোর্ড অব ট্রাস্টিজ, কুইন্স পাবলিক লাইব্রেরি, এডুকেশন চেয়ার, কমিউনিটি বোর্ড ১২

আমাদের জনসংখ্যা বেড়েছে, কিন্তু আমাদের সম্পদ বন্টন প্রবৃদ্ধির সাথে সুস্থ হয়নি। অংশগ্রহণমূলক বাজেট প্রণয়ন অতীব জরুরি কারণ স্কুলগুলোতে টেকনোলজি ও অবকাঠামো উন্নয়নে এবং বয়স্ক নাগরিকদের সুযোগ সুবিধা বৃদ্ধিতে অর্থায়ন বিরলই রয়ে গেছে। হোটলে স্থানান্তরিত ব্যক্তি ও পরিবারগুলোর জন্যে গুদাম নির্মাণ পলিসি একটি ব্যর্থ কৌশল - এসকল সুবিধা প্রদানে পক্ষপাতহীনতা ও সমতার অভাব রয়েছে। বারোের SEQ সর্বাধিক জনগোষ্ঠীর আবাসানের ব্যবস্থা করে এবং শেল্টারগুলো সম্প্রসারণের দিকে অপ্রত্যাশিত প্রবণতা রয়েছে। বেআইনি ময়লা ফেলা এখনও আরেকটি সমস্যা। কমিউনিটির সাথে হাতে হাতে মিলিয়ে কাজ করার জন্যে একটি সমন্বিত বাস্তবায়ন পরিকল্পনা প্রয়োজন। সিটির সংস্থাগুলোকে এই ক্ষতি অপসারণে তাদের দায়িত্বের ব্যাপারে অবশ্যই দায়ী থাকতে হবে। সবশেষে, উচ্চ জরিমানা, সমন জারি এবং বেআইনিভাবে পার্ক করা ট্রাকগুলোকে বাধ্যতামূলক টো করে নিয়ে যাওয়া একটি বিশেষ করণীয়। এইসব ব্যাধি দূর করার জন্য এসকল অপরাধের জন্যে জরিমানা অবশ্যই সর্বাধিকভাবে বাড়ানো প্রয়োজন।

adrienneadams.org

রিচার্ড ডেভিড Richard David

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সেন্টার্স ফর ইয়ুথ এন্ড সিনিয়র্স
- ২ সামগ্রী মূল্যের আবাসন, সম্পত্তির কর হ্রাস
- ৩ শিক্ষা, চাকুরি, অভিবাসন, জন-নিরাপত্তা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: চীফ অব স্টাফ, NYC এডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন'স সার্ভিসেস

পূর্বের পেশা: এক্সিকিউটিভ ডিরেক্টর - NYC ডিপার্টমেন্ট অব কন্জুমার এফেয়ার্স, ভাইস প্রেসিডেন্ট - NYC ইকোনমিক ডেভেলপমেন্ট করপোরেশন, এক্সিকিউটিভ ডিরেক্টর - ইন্দো-ক্যারিবিয়ান এলায়েন্স, পাবলিক সার্ভিস স্কলার - NY ইন্ডাস্ট্রিয়াল রিটেনশন নেটওয়ার্ক

শিক্ষাগত যোগ্যতা: নিউ ইয়র্ক ইউনিভার্সিটি থেকে মাস্টার ইন পাবলিক এডমিনিস্ট্রেশন, হান্টার কলেজ থেকে ব্যাচেলর অফ আর্টস-CUNY, জন জে কলেজ - CUNY, জন ব্রাউন হাই স্কুল

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: কমিউনিটি বোর্ড ৯, ইন্দো-ক্যারিবিয়ান এলায়েন্স, কুইন্স কাউন্সিল ইয়ং ডেমোক্রেটস, গাই আর. ক্রয়ার ডেমোক্রেটিক ক্লাব, NAACP - জ্যামাইকা

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: সরকারী অফিসের জন্যে প্রথমবার প্রতিনিধিত্বতা করছি

আমি নিজেকে সম্মানিত বোধ করছি আমার প্রতিবেশীদের জন্যে প্রতিনিধিত্ব করতে পেরে।

আমাদের ডিসট্রিক্ট স্থানীয় সরকার কার্যত অনুপস্থিত। আমরা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আটকে আছি, আমাদের জন্য কোন শ্রদ্ধাপূর্ণ কর্তৃত্বের ব্যক্তি নেই যিনি আমাদের কমিউনিটির জন্যে অধিক সম্পদ আনতে পারে এবং আমাদের জীবনমান-ও হ্রাস পেয়েছে। আমাদের এখন নতুনভাবে শুরু করতে হবে।

গত ১০ বছরেরও অধিক সময় সরকারের জন্যে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন ও সর্বকনিষ্ঠ একমাত্র প্রার্থী হিসেবে, আমি গর্বিত, আমার সরকারী শিক্ষা, কমিউনিটি সংগঠন এবং আমার প্রতিবেশীদের সাহায্য করার পূর্ব অভিজ্ঞতা রয়েছে। আমি এককভাবে যোগ্য একমাত্র প্রার্থী, যিনি পুনরায় সরকারকে আমারদের ডিসট্রিক্টের জনসাধারণের জন্যে কাজ করতে বাধ্য করবেন।

team@richarddavidnyc@gmail.com

RichardDavidNYC.com

RichardDavidNYC

itsrichdavid

rich_david

watch?v=ct58KMW4-A

itsrichdavid

in/richarddavidnyc

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ২৮

হেটি ভি. পাওয়েল Hettie V. Powell

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সকল শিশুর জন্য শ্রেষ্ঠ শিক্ষা
- ২ অর্থনৈতিক উন্নয়ন; কাজের সুযোগ; সাশ্রয়ী মূল্যের আবাসন
- ৩ যুব, বয়স্কদের সেবা, কমিউনিটি পুলিশিং

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অ্যাটর্নি

পূর্বের পেশা: শিক্ষক

শিক্ষাগত যোগ্যতা: জুরিস ডক্টর, B.S

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: রচডেল ভিলেজের সংশ্লিষ্ট কোঅপারেটর, রচডেল ভিলেজ সোশ্যাল সার্ভিস, কুইনস উইমেন বার অ্যাসোসিয়েশন, ম্যাকন বি অ্যালেন ব্ল্যাক বার অ্যাসোসিয়েশন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: নেই

আমি একজন অ্যাটর্নি এবং আমি পারিবারিক, ফৌজদারি ও অভিবাসন সমস্যা নিয়ে কুইন'স অধিবাসীদের প্রতিনিধিত্ব করে আমার পেশাগত জীবন যাপন করেছি। কুইন্সের মধ্যে সবচেয়ে বৈচিত্র্যময় এলাকাগুলোর মধ্যে অন্যতম হল ডিস্ট্রিক্ট ২৮ যা রচডেল ভিলেজ, সাউথ জ্যামাইকা, রিচমন্ড হিল ও সাউথ ওজোন পার্ক নিয়ে গঠিত। আমি আমাদের ডিস্ট্রিক্টের সকল অধিবাসীর সেবা করার জন্য অঙ্গীকারবদ্ধ এবং তাঁদের বক্তব্য শোনা হবে তার প্রতিশ্রুতি দিচ্ছি। আমাদের কমিউনিটির মধ্যে গুরুত্বপূর্ণ হলো মানসম্পন্ন শিক্ষা। আমাদের স্কুলগুলো যাতে প্রয়োজনীয় সম্পদ পায় তার জন্য আমি কাজ করবো। আমি আমাদের ডিস্ট্রিক্টের অর্থনৈতিক স্বার্থ, কমিউনিটি অংশীদারিত্ব, নারী ও সংখ্যালঘুদের ব্যবসায়িক উদ্যোগ, ক্ষুদ্র ব্যবসা সৃষ্টি, কাজের প্রশিক্ষণ, যুব ও বয়স্কদের সেবা ও সাশ্রয়ী মূল্যের আবাসনের উন্নত করবো। আমি আমাদের ডিস্ট্রিক্টের সকল কমিউনিটির জন্য সিটির বাজেটের ন্যায় অংশের জন্য লড়াই করবো। সিটি গভর্নমেন্টে আমি সততা, ন্যায়পরায়ণতা ও পেশাদারিত্ব নিয়ে আসার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। এই কারণে ডিস্ট্রিক্ট ২৮-কে প্রতিনিধিত্ব করতে, আমিই হলম উপযুক্ত ব্যক্তি। কার্য সম্পাদনে আমার অভিজ্ঞতা, সততা ও আমার লক্ষ্যগুলো অর্জনের বরাবর ইতিহাস রয়েছে।

✉ info@ElectPowell2017.com

f Hettie.Powell.1

🐦 HettiePowell28

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩০

এলিজাবেথ ক্রউলি Elizabeth Crowley

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ নির্ভরযোগ্য গণ পরিবহন, ট্রাফিকের উন্নতিসাধন
- ২ বিদ্যালয়ের উন্নতিসাধন, শ্রেণীর আকার হ্রাস
- ৩ জন নিরাপত্তা, কমিউনিটিগুলোকে নিরাপদ রাখা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: নিউ ইয়র্ক সিটি কাউন্সিল মেম্বর, ৩০তম ডিস্ট্রিক্ট, কুইন্স

পূর্বের পেশা: Consortium for Worker Education কম্পরটিয়াম ফর ওয়ার্কার এডুকেশন (কর্মী শিক্ষার জন্য সাহচর্য)-এর সাথে কাজ করে ক্ষুদ্র ব্যবসাগুলো ৯/১১-এর পর খোলা রাখার জন্য এবং হাজার হাজার নিউইয়র্কবাসীদের কাজের প্রশিক্ষণের জন্য সেবা প্রদান করেছি। ডি. সি.৯-এর একজন সঙ্গীভবনী চিগ্রাশিলী ছিলাম এবং অসংখ্য নির্মাণ সাইটে কাজ করেছিলাম, যার মধ্যে সিটি রেডিও মিউজিক হল, সেন্ট প্যাট্রিক ক্যাথিড্রাল, এবং কেন্দ্রীয় সিনাগগ -এর সংস্কার রয়েছে।

শিক্ষাগত যোগ্যতা: প্র্যাট ইনস্টিটিউট গ্রাজুয়েট স্কুল অফ আর্কিটেকচার থেকে শহর ও অঞ্চল পরিকল্পনায় M.S.; SUNY ফ্যাশন ইন্সটিটিউট অফ টেকনোলজি থেকে রেস্টোরেশন -এ B.A

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ডি.সি.৯, ইন্টারন্যাশনাল ইউনিয়ন অফ পেইন্টার এন্ড এলাইড ট্রেডস; টিমস্টার জয়েন্ট কাউন্সিল ১৬

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: NYC কাউন্সিল সদস্য, ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট প্রধান, ৩৮তম অ্যাসেম্বলি পার্ট A, NYC কাউন্সিল চেয়ার অফ দি ফায়ার অ্যান্ড ক্রিমিনাল জাস্টিজ কমিটি, NYC কাউন্সিল উইমেন'স ককাস-এর কো-চেয়ার, দি কমিশন অন জেন্ডার ইকুয়ালিটি বোর্ড কমিশন

আমি প্রতিদিন জেগে উঠে আমাদের পরিবারগুলোর পাশে দাঁড়াতে ও তাঁদের জন্য লড়াই করতে তৈরি থাকি। এই কাজটি অব্যাহত রাখতে আমি সম্মানিত হব এবং আমি মঙ্গলবার, ১২ই সেপ্টেম্বর আপনাদের ভোট প্রার্থনা করছি। ধন্যবাদ।

✉ contact@elizabethcrowley.com

🌐 website-crowley2017.nationbuilder.com

f elizcrowleyinc

🐦 ElizCrowleyNYC

📷 elizcrowleyinc

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩০

রবার্ট এফ. হোল্ডেন Robert F. Holden

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ অপরাধ/জীবন যাত্রার মান
- ২ গৃহহীনদেরকে আশ্রয়কেন্দ্রে রাখা
- ৩ অতি-উন্নয়ন/ট্রাফিক

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অধ্যাপক

পূর্বের পেশা: গ্রাফিক ডিজাইনার

শিক্ষাগত যোগ্যতা: MFA

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: জুনিপার পার্ক সিভিক অ্যাসোসিয়েশন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: Comm. Bd. 5

আমি ২৫ বছর ধরে জুনিপার পার্ক সিভিক অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট আছি। এই দায়িত্ব পালনকালে, আমি ডিস্ট্রিক্টের অনেক এলাকার জোনিং কমানোর জন্য কাজ করেছি (downzoning)। এর ফলে বৈশিষ্ট্য বিহীন ভবনগুলোর হ্রাস হয়েছে।

অপরাধ হ্রাস করা আমার অগ্রাধিকার ছিল। স্থানীয় অঞ্চলে কর্মীর নিয়োগের মাত্রা বৃদ্ধি করার দাবির প্রতি সমর্থক হিসেবে আমার একটি অতীত ইতিহাস রয়েছে।

ডিস্ট্রিক্টের গৃহহীনদের আশ্রয় কেন্দ্র রক্ষার প্রতিরোধের সংগ্রামে আমি নেতৃত্ব দিয়েছি।

আমি প্রধান দুই দলের নির্বাচিত কর্মকর্তাদের সাথে নিবিড়ভাবে কাজ করেছি। সড়কপথ ও বিমানবন্দরগুলোর আশেপাশের অঞ্চলে শব্দ দূষণ কমানোর জন্য একটি পরিকল্পনায় আমি স্টেট ও ফেডারেল কর্মকর্তাদের সাথে সহযোগিতামূলকভাবে কাজ করছি।

আমি বিশ্বাস করি, স্থানীয় স্কুলগুলোতে স্থানীয় সকল শিক্ষার্থীর ভর্তি হওয়ার সুযোগ থাকা উচিত এবং তা বাস্তবে রূপ দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে একজন কাউন্সিল মেম্বার হিসেবে আমি আইন প্রণয়নের পরিকল্পনা করছি।

আমার সবচেয়ে গর্বের অর্জনটি হলো এলমহাস্ট গ্যাস ট্যাংক সাইটটি NYC-র নিকট প্রদান করতে কিম্প্যানকে রাজি করানো। এটি এখন সকলের উপভোগের জন্য একটি পাবলিক পার্কে রূপান্তরিত করা হয়েছে।

অনেক বহিঃশক্তি রয়েছে যারা মানুষের কাছ থেকে লাভবান হতে চায় এবং আমার প্রতিপক্ষ খুব সহজে তাঁদের দ্বারা প্রভাবিত হয়ে যান বলে মনে হয়।

আমার সম্বন্ধে আরও জানতে আমার holdenforcitycouncil.com ওয়েবসাইটটি ভিজিট করুন। চলুন আমাদের নেইবারহুডগুলোকে ফেরত নিয়ে আসি।

✉ rholden@holdenforcitycouncil.com

🌐 holdenforcitycouncil.com

📌 holdenforcitycouncil

24 | দেখুন www.nycfb.info/voterguide



সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩২

উইলিয়াম রুইজ William Ruiz

ডেমোক্রেটিক

গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ আবাসন/গৃহহীন
- ২ শিক্ষা
- ৩ জনগণের নিরাপত্তা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: প্রপার্টি ম্যানেজার

পূর্বের পেশা: আবাসন আইনজীবী: এইডস অফ কুইনস কাউন্সিল

শিক্ষাগত যোগ্যতা: B.S. হিউম্যান সার্ভিস

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রাক্তন চেয়ারম্যান বোর্ড অব ডাইরেক্টর্স, হাইল্যান্ড পার্ক কমিউনিটি ডেভলপমেন্ট কর্পোরেশন ও সদস্য, কিউয়ানিস ক্লাব

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: বোর্ড সদস্য, কমিউনিটি বোর্ড ৫, সদস্য, রেগুলার ডেমোক্রেটিক ক্লাব ৩৮তম A.D., সহ-সভাপতি, লিবার্টি হোমওয়ার্ন অ্যাসোসিয়েশন ও সদস্য, ব্রুকলিন নর্থ ডেমোক্রেটিক ক্লাব

ডিস্ট্রিক্ট-এর একজন দীর্ঘদিনের বাসিন্দা হিসেবে, আমি সেইসব সমস্যাগুলোর সবকয়টির কথা জানি যা এখানকার বাসিন্দাদেরকে আক্রান্ত করেছে, যারা জনমিতি অনুযায়ী সময়ের প্রেক্ষিতে পরিবর্তিত হয়েছে। বর্তমানে, আমি বিশ্বাস করি আমাদেরকে অবশ্যই উপরে বর্ণিত গুরুত্বপূর্ণ তিনটি সমস্যার সমাধান করতে হবে। আমাদেরকে এমন অনেক কর্মজীবী পরিবারের জন্য সামগ্রী মূল্যের অবসানের ব্যবস্থা করতে হবে যারা এই ডিস্ট্রিক্ট-এ স্থানান্তর করেছে এবং NYC-তে গৃহহীনদের মহামারী নিয়ন্ত্রণ করতে হবে। আমাদের কর্মজীবী পরিবারগুলোর শিশুদেরকে সুনির্দিষ্ট ক্ষেত্র ও নতুন প্রযুক্তির জ্ঞানের চাহিদাসম্পন্ন নতুন স্ট্রট উচ্চ বেতনের চাকুরিগুলোর জন্য প্রস্তুত করে তোলার প্রারম্ভিক সুবিধা দিতে আমাদেরকে আরও বেশি আফটার স্কুল ও টিউটরিং কর্মসূচি চালু করতে হবে। এছাড়াও, আমাদেরকে অবশ্যই পুলিশ ও ফেডারেল কর্মকর্তাদের সাথে কাজ করার মাধ্যমে আমাদের অধিবাসী ও সকল NYC অধিবাসীদেরকে নিরাপদ ও সুরক্ষিত থাকতে সাহায্য করতে হবে এবং অপরাধের বিরুদ্ধে আমাদের কমিউনিটিগুলোকে আরো কার্যকরভাবে সুরক্ষা প্রদান করতে NYPD-কে প্রয়োজনীয় আধুনিক সরঞ্জামাদি সরবরাহ করতে হবে।

📌 Williamruiz22017



সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩২

মাইকেল জি. স্কালা Michael G. Scala

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ গণ পরিবহনের উন্নয়ন ও সম্প্রসারণ
- ২ বিল্ড ইট ব্যাক-এর তদন্ত করা
- ৩ নতুন নতুন আফটার-স্কুল প্রোগ্রাম আবিষ্কার করা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: অ্যাটর্নি

পূর্বের পেশা: লেজিসলেটিভ ডিরেক্টর

শিক্ষাগত যোগ্যতা: জুরিস ডক্টর, ব্রুকলিন ল' স্কুল; BS, NYU পলিটেকনিক ইনস্টিটিউট

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: প্রথম ভাইস প্রেসিডেন্ট, কুইন্স পাবলিক ট্রানজিট কমিটি; কো-চেয়ার, রকাওয়েফেরি কমিটি

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: আইনি পরামর্শ ও লেজিসলেটিভ ডিরেক্টর, NYS সিনেট

মাইক স্কালা দক্ষিণ কুইন্স থেকে এসেছেন, যেখানে তিনি জন্মগ্রহণ করেছিলেন এবং তাঁর জীবনের অধিকাংশ সময় সেখানে বাস করেছেন। তাঁর পিতা-মাতার দেখা হয়েছিল রকাওয়ে-র সৈকতে। তিনি সরকারী ও বেসরকারী উভয় খাতে অভিজ্ঞতাসম্পন্ন একজন অ্যাটর্নি, এবং তাঁর রয়েছে ফলাফল অর্জনের বিশেষত্ব।

২০১৩তম নিউ ইয়র্ক স্টেট বিধানসভার সময় মাইক আইনি পরামর্শক এবং নিউ ইয়র্ক স্টেট সিনেটে আইনগত পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর দায়িত্বের মধ্যে ছিল খসড়া প্রণয়ন, প্রস্তাবিত আইনসমূহের তদারকি ও মধ্যস্থতা করা। অনেকগুলোর মধ্যে, স্টেটের মধ্যে সাবেক সেনা সদস্যদের কাজ খুঁজে পেতে সাহায্য করাটাও সিনেট পাশ করে ছিলেন।

আরেকটি বিল, যার জন্য নির্ধারিত প্রাপ্তবয়স্কদের পুলিশ প্রতিবেদন প্রয়োজন, সেটি সেপ্টেম্বর ৯, ২০১৬ -এ গভর্নর কুমো (Cuomo) কর্তৃক স্বাক্ষরিত হয়, এবং নির্বাহী আইনে Section 837-F-2-তে পরিণত হয়।

এই দায়িত্বে, মাইক রাজ্যের বাজেট প্রক্রিয়ার সাথেও জড়িত ছিলেন, যার মধ্যে রকাওয়ে-র পরিবহণ উন্নয়নের জন্য ১২.৯৪ মিলিয়ন ডলার এবং সেন্ট জন'স এপিসকোপাল হাসপাতালের জন্য ১০.১৫ মিলিয়ন ডলার বরাদ্দকরণ ছিল।

✉ mike@scala.vision

🌐 scala.vision

📌 mikegscala

🐦 scalaforcouncil

হেলাল এ. শেখ Helal A. Sheikh

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ শিশুদের জন্য গণশিক্ষা পুনর্গঠন
- ২ আশেপাশের সব এলাকায় জননিরাপত্তা
- ৩ পরিচ্ছন্ন পরিবেশ

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: পাবলিক স্কুলের শিক্ষক

পূর্বের পেশা: শিক্ষার্থী

শিক্ষাগত যোগ্যতা: গণিত শিক্ষায় মাস্টার্স

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: লোকাল কমিউনিটি অর্গানাইজেশন

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: সিটি টেক এ দক্ষিণ-পূর্ব এশিয়ার স্টুডেন্ট বডি'র প্রথম নির্বাচিত সভাপতি... এবং অনেক রাজনৈতিক প্রচারকার্য করেন।

আমি কমিউনিটির মধ্যে একজন বাড়ির মালিক। আমার স্ত্রী একজন ডাক্তার এবং আমার তিনজন মিষ্টি সন্তান রয়েছে।

আমি এই পদে নির্বাচন প্রার্থী, কারণ আমি আমাদের কমিউনিটির সকল বাসিন্দার জীবনযাত্রার মান উন্নত সম্পর্কে উৎসাহী। আমি একটি পরিচ্ছন্নতর পরিবেশ... নিরাপদতর কমিউনিটি... উন্নত পাবলিক স্কুল সিস্টেম... চাকরীর সৃষ্টি... SBA (স্মল বিজনেস এসোসিয়েশন) - কে শক্তিশালী করার মাধ্যমে ক্ষুদ্র ব্যবসা সম্প্রসারণ... গৃহোন্নয়নের জন্য অর্থায়ন... ভাড়াটিয়াদের জন্য সাশ্রয়ী মূল্যের গৃহায়ন... আপনার নির্বাচিত কর্মকর্তার কাজে সহজতর অভিজ্ঞতায় সৃষ্টিতে প্রতিজ্ঞাবদ্ধ।

এছাড়াও... আমি আমাদের কমিউনিটির প্রকৃত ক্ষমতায়নে বিশ্বাস করি, যা আমাদের কমিউনিটির প্রয়োজন মেটানোর জন্য দায়বদ্ধতা দাবী করে। আমি সেই একজন হবো... যিনি আমাদের কমিউনিটিকে একতাবদ্ধ করবে এবং জাতিগত বিভেদ দূর করবে। আমার দায়িত্ব শুধুমাত্র প্রতিনিধিত্ব করা থেকে ছাড়িয়ে যাবে। আমি আমাদের করের ডলার ফেরৎ আনবো এবং এটিকে আমাদের কমিউনিটির উন্নয়নের কাজে লাগাবো। আমি আরো সম্পদ যোগ করার ব্যবস্থাও নেবো। আমি হবো স্বচ্ছতা ও সুযোগের প্রত্যাশার স্বরূপ। আমার প্রকৃতি হলো আমাদের মধ্যে যেখানে সামঞ্জস্য আছে সেটা খুঁজে বের করা... যেটা আমাদের মধ্যে বিভেদ সৃষ্টি করে সেটা নয়। চলুন একত্ব হয়ে কাজ করি।

✉ votehelalshikh@gmail.com

🌐 helalshikh.com

📌 helalshikh2017

সিটি কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩৪

অ্যান্টনিও রেইনোসো Antonio Reynoso

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ সামগ্রী মূল্যের আবাসন ব্যবস্থার বৃদ্ধি করা
- ২ পরিবেশগত ন্যায়বিচার ও সমতা
- ৩ ফৌজদারি বিচারিক ব্যবস্থা পুনর্গঠন

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: কাউন্সিলের সদস্য

পূর্বের পেশা: সিটি কাউন্সিলের চিফ অব স্টাফ, ACORN এর সংগঠক

শিক্ষাগত যোগ্যতা: লেমোয়েন কলেজ থেকে BA প্রাপ্ত

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: N.K.D.

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: প্রযোজ্য নয়

গত ৪ বছর ধরে কাউন্সিলে কাজ করার সম্মান লাভ করেছি - আমি যে কমিউনিটিতে পালিত হয়ে উঠেছি সেটির পক্ষে সংগ্রাম করেছি। ভাড়াটিয়াদের সুরক্ষা বৃদ্ধি করে, কমিউনিটি স্কুলগুলোর তহবিলে অনুদান দিয়ে এবং ফৌজদারি বিচারিক ব্যবস্থা পুনর্গঠনের জন্য সংগ্রাম করে আমি আমাদের পরিবারগুলো যেসব সমস্যার মুখোমুখি হয় সেগুলোর মোকাবেলা করেছি।

সরকারি তহবিলকে কমিউনিটির উন্নয়নে কীভাবে কাজে লাগাতে হয় সে ব্যাপারে হাজার হাজার মানুষকে সক্ষমভাবে সিদ্ধান্ত গ্রহণে উৎসাহিত করে আমি আমাদের আশেপাশের এলাকাগুলোতে অংশগ্রহণমূলক বাজেট প্রণয়নের ব্যবস্থা করেছি। আমরা উইলিয়ামবার্গ, ব্রুউইক ও রিজউড জুড়ে লক্ষ লক্ষ স্কুল, NYCHA পার্ক ও বয়োজ্যেষ্ঠ-নিবাসের ব্যবস্থা করেছি।

আমি পুলিশের আরও বেশি জবাবদিহিতার দাবি জানিয়েছি এবং আমি আইন জানার অধিকারের সংগ্রামে সহ-পৃষ্ঠপোষকতা করতে পেরে গর্বিত। প্রোগ্রেসিভ ককাস এর কো-চেয়ার হিসেবে আমি NYC-তে সমতা ও ন্যায়বিচার স্থাপনে অধ্যবসায়ের সাথে কাজ করেছি। পরিচ্ছন্নতা কমিটির চেয়ারপার্সন হিসেবে আমি শহরের আবর্জনা প্রক্রিয়াকরণের ক্ষেত্রে নর্থ ব্রুকলিনের উপর থেকে চাপ কমানোর ব্যাপারে জোর দিয়েছি।

আমার কাজ শেষ হয়নি। একজন অগ্রগামী নেতা হিসেবে আমি নিউ ইয়র্কের অবস্থা আরও উন্নত করার এবং সামগ্রী মূল্যের আবাসন ব্যবস্থা বৃদ্ধি করার, আমাদের স্কুলগুলোতে সম্পূর্ণ তহবিল গঠন করার, আয়ের সমতা বিধান করার ও অভিবাসী ও নারীদের অধিকারের পক্ষে সোচ্চার হয়ে কর্মজীবী পরিবারগুলোর সেবা করার প্রত্যাশা রাখি।

✉ ReElectAntonio@gmail.com

f Antonio4Council

🐦 ReElectAntonio

26 | দেখুন www.nycfb.info/voterguide

টমি টরেস Tommy Torres

ডেমোক্রেটিক



গুরুত্বপূর্ণ ৩টি বিষয়

- ১ স্কুলের বাজেট সুরক্ষিত করা; কার্যকর প্রোগ্রামিং
- ২ আরও বেশি লোকদের জন্য সামগ্রী মূল্যের আবাসনের সুবিধা প্রদান
- ৩ বয়স্কদের প্রোগ্রামগুলোর সম্প্রসারণ ও সুরক্ষা

দলীয় অন্তর্ভুক্তি: ডেমোক্রেটিক

বর্তমান পেশা: NYC পাবলিক হাই স্কুল অ্যাসিস্টেন্ট প্রিন্সিপাল

পূর্বের পেশা: NYC পাবলিক স্কুলের শিক্ষক

শিক্ষাগত যোগ্যতা: MA এডুকেশন অ্যান্ড স্কুল অ্যাডমিনিস্ট্রেশন, BA ইন বিজনেস ম্যানেজমেন্ট

প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততা: ডিস্ট্রিক্ট লিডার ৫৩-তম AD, মেম্বার অফ কমিউনিটি বোর্ড ১, মেম্বার অফ উডহাল হসপিটাল অ্যাডভাইজরি কাউন্সিল, ১০-তম প্রিন্সিপাল কমিউনিটি কাউন্সিল

পূর্ববর্তী সরকারী কাজের অভিজ্ঞতা: প্রযোজ্য নয়

আমি নির্বাচনে অংশগ্রহণ করছি, কারণ আমি মনে করি যে, আমাদের কমিউনিটির শহর পর্যায়ে এমন একজন প্রতিনিধির প্রয়োজন এবং যোগ্যতাপন্নও, যিনি আমাদের কমিউনিটির সকল চ্যালেঞ্জ বুঝতে সক্ষম এবং যেকোনো গভর্নমেন্টের কাছে এই চ্যালেঞ্জসমূহ তুলে ধরতে দায়িত্ব নিতে ইচ্ছুক। যেসকল ক্ষেত্রে আমি কাজ করবো: সকল শিক্ষার্থীর জন্য শিক্ষার সুযোগ সম্প্রসারিত করবো; চারুকলা, খেলাধুলা ও আফটার-স্কুল কার্যক্রম বৃদ্ধি করবো; কমিউনিটির মধ্যে যেসকল লোকের সবচেয়ে প্রয়োজন-প্রবীণ, প্রতিবন্ধী ও শ্রমজীবী, লোকজন যারা কোনো কারণে এই সমস্যায় পতিত হয় তাঁদের জন্য সামগ্রী মূল্যের আরও আবাসনের ব্যবস্থা গ্রহণ করবো; আমাদের সড়ক ও স্কুলগুলোতে নিরাপত্তা বৃদ্ধি করবো; এবং ৩৪তম কাউন্সিল ডিস্ট্রিক্টে সিটির পরিষেবাগুলোর সর্বোচ্চ সরবরাহ নিশ্চিত করবো।

✉ tommytorresnyc@gmail.com

🌐 tommytorres.nyc

f tommytorres2

🐦 tommytorres2

📷 tommytorres2

বিতর্ক অনুষ্ঠান

CFB মিডিয়া, শিক্ষা ও নাগরিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে অংশীদার হয়ে বিতর্ক অনুষ্ঠান স্পন্সর করে, যেখানে নিউ ইয়র্কবাসীরা মেয়র, পাবলিক এডভোকেট, এবং কম্পট্রোলার পদের প্রার্থীদের বক্তব্য সরাসরি শুনতে পারবেন এবং তাদের মধ্যে পাশাপাশি তুলনা করতে পারবেন যখন প্রার্থীরা কোন বিষয়ে আলোচনা করবেন। প্রতিটি প্রাইমারী ও সাধারণ নির্বাচনের পূর্বে দুটি করে বিতর্কের আয়োজন করা হয়, এবং যদি কোন রানঅফ নির্বাচন থাকে তবে অতিরিক্ত আরেকটি বিতর্কের ব্যবস্থা করা হয়। সিটিভিত্তিক অফিসের জন্য সকল প্রার্থীরা যারা ক্যাম্পেইন ফিনান্স প্রোগ্রামে অংশগ্রহণকারী, তাঁরা ব্যালটে রয়েছেন এবং একটি সর্বনিম্ন আর্থিক সীমারেখা পূরণ করেছেন তাঁদেরকে কমপক্ষে একটি বিতর্কে অংশ নিতে হবে। প্রার্থীরা যারা ম্যাটিং ফাও প্রোগ্রামে অংশগ্রহণ করছেন না তাঁদেরকেও বিতর্কে আমন্ত্রণ জানানো হবে, যখন তাঁরা একই নির্দলীয় মানদণ্ড বজায় রাখবেন।

প্রাইমারী বিতর্কের সময়সূচী

মেয়র রিপাবলিকান	মেয়র ডেমোক্রেটিক	পাবলিক এডভোকেট ডেমোক্রেটিক	কম্পট্রোলার ডেমোক্রেটিক
বুধবার, আগস্ট ১৬, সন্ধ্যা ৭টা টিভি: NY1, NY1 Noticias (স্প্যানিশ) রেডিও: WNYC	বুধবার, আগস্ট ২৩, সন্ধ্যা ৭টা টিভি: NY1, NY1 Noticias রেডিও: WNYC	বুধবার, আগস্ট ২১, সন্ধ্যা ৭টা টিভি: NY1, NY1 Noticias রেডিও: WNYC	মঙ্গলবার, আগস্ট ২২, সন্ধ্যা ৭টা টিভি: NY1, NY1 Noticias রেডিও: WNYC
মেয়র অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা (রিপাবলিকান) বৃহস্পতিবার, সেপ্টেম্বর ৭, সন্ধ্যা ৭টা টিভি: WCBS WLNY-TV 10/55 (স্প্যানিশ) রেডিও: 1010WINS NewsRadio 880	মেয়র অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা (ডেমোক্রেটিক) বুধবার, সেপ্টেম্বর ৬, সন্ধ্যা ৭টা টিভি: WCBS WLNY-TV 10/55 রেডিও: 1010WINS NewsRadio 880	পাবলিক এডভোকেট অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা (ডেমোক্রেটিক) শনিবার আগস্ট ২৬, সকাল ৯টা টিভি: WCBS WLNY-TV 10/55 রেডিও: 1010WINS NewsRadio 880	কম্পট্রোলার অগ্রগামী প্রতিদ্বন্দ্বীরা (ডেমোক্রেটিক) রবিবার, সেপ্টেম্বর ১০, সকাল ৮টা টিভি: WCBS WLNY-TV 10/55 রেডিও: 1010WINS NewsRadio 880

NY1 স্পন্সর গ্রুপ



CBS স্পন্সর গ্রুপ



ভিডিও ভোটার গাইড

মেয়র, পাবলিক এডভোকেট, কম্পট্রোলার, বোরো প্রেসিডেন্ট, এবং সিটি কাউন্সিল সদস্য পদের প্রার্থীদেরকে একটি ভিডিও বিবৃতি ধারণ করে অনলাইন গাইডে এবং টেলিভিশনে প্রচার করার জন্য উৎসাহিত করা হয়। ভিডিও ভোটার গাইড NYC.gov-তে সেপ্টেম্বর ৪ থেকে সেপ্টেম্বর ১২ তারিখ পর্যন্ত প্রতি রাত ৭টায় প্রচার করা হবে। প্রতিটি প্রচার শুরু হবে সিটিভিত্তিক অফিসের প্রার্থীদের দিয়ে, তারপর বোরো প্রেসিডেন্ট এবং সিটি কাউন্সিল, প্রতি রাতে ভিন্ন ভিন্ন বোরো দিয়ে শুরু হবে। আপনি প্রত্যেক প্রার্থীর ভিডিও বিবৃতি অনলাইনে nycfb.info/voterguide দেখতে পাবেন।

সোমবার

ম্যানহ্যাটন
স্ট্যাটেন আইল্যান্ড
ব্রক্স
ক্রকলিন
কুইন্স

মঙ্গলবার

ব্রক্স
ক্রকলিন
কুইন্স
ম্যানহ্যাটন
স্ট্যাটেন আইল্যান্ড

বুধবার

কুইন্স
ম্যানহ্যাটন
স্ট্যাটেন আইল্যান্ড
ব্রক্স
ক্রকলিন

বৃহস্পতিবার

স্ট্যাটেন আইল্যান্ড
ব্রক্স
ক্রকলিন
কুইন্স
ম্যানহ্যাটন

শুক্রবার

ক্রকলিন
কুইন্স
ম্যানহ্যাটন
স্ট্যাটেন আইল্যান্ড
ব্রক্স

Cablevision and Time Warner Cable Channel 74, RCN Channel 81, or Verizon FiOs Channel 24 তে NYC.gov দেখুন।


কিভাবে ভোট দিবেন

১. আপনার ব্যালট নিন

- ◆ আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্ট এর সঠিক টেবিলে স্বাক্ষর করুন (এই নম্বরগুলো আপনার গাইডের প্রচ্ছদের উপর আছে)।

২. আপনার ব্যালটের উভয় পাশে চিহ্নিত করুন

- ◆ আপনাকে প্রদত্ত কলমটি দিয়ে আপনার পছন্দের পাশের গোলাকার জায়গাটিকে সম্পূর্ণভাবে পূরণ করে আপনার ব্যালটটি চিহ্নিত করুন।



- ◆ কোন “x” অথবা একটি “✓”, ব্যবহার করবেন না, গোলাকার জায়গাটিকে শুধু গোল করবেন না, অথবা অপ্রয়োজনীয় দাগ দেবেন না।

- ◆ একজন রাইট-ইন প্রার্থীর জন্যে, প্রযোজ্য গোলাকার স্থানটি পূরণ করুন এবং সেই প্রার্থীর নামটি লিখুন।
- ◆ আপনার ব্যালটটি ভাঁজ করবেন না।
- ◆ স্বাক্ষর বা আপনার নাম লিখবেন না।

যদি আপনার পছন্দে পূরণ করতে কোন সাহায্যের প্রয়োজন হয়, তবে একজন ভোটকর্মীকে ব্যালট মার্কিং ডিভাইস (BMD) সম্পর্কে জিজ্ঞাস করুন।

৩. আপনার ব্যালট স্ক্যান করুন

- ◆ আপনার দাগ দেয়া ব্যালট নিয়ে স্ক্যানার এলাকায় যান।
- ◆ আপনার পছন্দের ভাষাটি স্ক্রীনে নির্দিষ্ট বোতামটি স্পর্শ করে বেছে নিন।
- ◆ আপনার দাগানো ব্যালটটি স্ক্যানারে ঢুকিয়ে দিয়ে আপনার ভোটটি প্রদান করুন। (স্ক্যানারটি যে কোন দিক দিয়ে ঢোকানো ব্যালট গ্রহণ করে। স্ক্যানারটি আপনাকে জানিয়ে দেবে যে আপনার ভোটটি জমা করা হয়েছে।)

▲ NYC বোর্ড অফ ইলেকশন (BOE)-র সাথে যোগাযোগ

নিউ ইয়র্ক সিটি বোর্ড অফ ইলেকশনের সাথে আপনি ভোট প্রদান করার জন্য নিবন্ধিত হতে, নিবন্ধন পরিবর্তন করতে, এবসেন্টি ভোট দিতে, ভোট কেন্দ্রের কর্মী হওয়ার আবেদনসহ আরো অনেক কিছু করতে পারবেন। BOE সাথে যোগাযোগ করুন:



দেখুন vote.nyc.ny.us



বা

ভোটার হটলাইন-এ
866-VOTE-NYC ফোন
করে (শ্রবণ প্রতিবন্ধীদের
জন্য 212-487-5496)

বা

আপনার BOE-র অফিসে
যোগাযোগ করুন।



জেনারেল অফিস
32-42 Broadway
7th Floor
New York, NY 10004
(212) 487-5400

ব্রুক্স
1780 Grand Concourse
5th Floor
Bronx, NY 10457
(718) 299-9017

ব্রুকলিন
345 Adams Street
4th Floor
Brooklyn, NY 11201
(718) 797-8800

কুইন্স
118-35 Queens Blvd.
Forest Hills, NY 11375
(718) 730-6730

ম্যানহ্যাটান
200 Varick Street
10th Floor
New York, NY 10014
(212) 886-2100

স্ট্যাটেন আইল্যান্ড
1 Edgewater Plaza
4th Floor
Staten Island, NY 10305
(718) 876-0079

নিউ ইয়র্ক সিটির

ম্যাচিং ফান্ড প্রোগ্রাম

NYC-র ক্যাম্পেইন ফাইনাল প্রোগ্রামটি দেশের শক্তিশালী প্রোগ্রামের মধ্যে বিশেষ একটি। প্রার্থীরা যারা যোগ্য হবেন এবং খরচের সীমা মেনে চলবেন তারা সরকারী ফাণ্ড \$৬-জন্য-\$১ হারে প্রথম \$১৭৫ ম্যাচিং অনুদান পেতে পারেন। এর মানে হল যখন NYC বাসিন্দারা এই প্রোগ্রামে অংশগ্রহণকারী স্থানীয় প্রার্থীদের চাঁদা প্রদান করেন, তাঁরা সিটি থেকে প্রতি ডলারের জন্য \$৬ অনুদান পেয়ে থাকেন।

\$20



আমি \$20 দান করলাম




প্রার্থীরা পাবলিক ফান্ড অর্জনের যোগ্যতার জন্য তাদের নির্বাচনী এলাকা থেকে ক্ষুদ্র-ডলার অনুদান সংগ্রহ করবেন। এর ফলে এই প্রোগ্রামের প্রার্থীরা তাদের কমিউনিটিতে বেশী সময় প্রচার কাজ চালাবেন, ধনী দাতা বা বিশেষ স্বার্থভোগীদের জন্য কাজ না করে সাধারণ নিউ ইয়র্কবাসীদের উদ্বেগ শুনবেন। ম্যাচিং ফান্ড আবার সিটির অফিসের জন্য বিভিন্ন জাতিগোষ্ঠীর নির্বাচন করতে সাহায্য করে আর আমাদেরকে নির্বাচনের সময় আরোও পছন্দ করার সুযোগ করে দেয় এবং বৈচিত্র্যটি আমাদের সিটিকে শক্তিশালী করে তোলে যা আমাদের সরকারের উপর প্রতিফলিত হয়।

আরোও জানার জন্য দেখুন nycfb.info/program।



প্রার্থী A, প্রোগ্রামের
একজন অংশগ্রহণকারী



=

\$140 + \$840 = \$980

ম্যাচিং ফান্ড থেকে

মোট



প্রার্থী B, প্রোগ্রামে
অংশগ্রহণ করছেন না



=

\$140

প্রার্থী A, কমিউনিটিতে অধিক গনসংযোগ করার সুযোগ পাবেন, কারণ ম্যাচিং ফান্ড প্রোগ্রামটি প্রার্থীদেরকে ক্ষুদ্র আর্থিক অনুদান সংগ্রহে উৎসাহিত করে।

সচরাচর করা প্রশ্ন সমূহ



**আমি জানি না যে, আমি ভোটার হিসাবে নিবন্ধিত কিনা-
কিভাবে জানতে পারবো?**

অনলাইনে আপনার নিবন্ধন অবস্থা জানার জন্য voting.nyc-তে দেখুন বা সহায়তার জন্য 866-VOTE-NYC ফোন করুন (শ্রবণ প্রতিবন্ধীদের জন্য 212-487-5496)।

আমার নিবন্ধনের মেয়াদ কি উত্তীর্ণ হতে পারে?

আপনার নিবন্ধনের কোনো মেয়াদোত্তীর্ণের তারিখ নেই, তবে আপনি যদি আগের দুটি ফেডারেল নির্বাচনে ভোট না দিয়ে থাকেন, যদি বাড়ি বদল করে থাকেন, কিন্তু BOEকে তা না জানিয়ে থাকেন তাহলে হয়তো আপনার নিবন্ধন “নিষ্ক্রিয়” হিসাবে গণ্য হতে পারে এবং ভোট কেন্দ্রের ভোটার তালিকায় আপনার নাম নাও থাকতে পারে। তথাপি আপনি এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন।

ভোট দিতে আমি কোথায় যাব?

আপনি যদি ডাক যোগে এই ভোটার গাইডটি পেয়ে থাকেন, আপনার ভোট কেন্দ্রের অবস্থান এর প্রচ্ছদে মুদ্রিত আছে। আপনি অনলাইনে voting.nyc দেখতে পারেন বা 866-VOTE-NYC ফোন করে জেনে নিতে পারেন।

**নির্বাচনের দিন আপনার পোল সাইট নিশ্চিত করতে
ভুলবেন না।**

ভোট দানের সময় আমার কি পরিচয়পত্র দেখাতে হবে?

অধিকাংশ ক্ষেত্রে ভোট দানের সময় আপনাকে পরিচয়পত্র দেখাতে হবে না। আপনি যদি প্রথমবারের মত ভোট কেন্দ্রে যান, তবে হয়তো আপনাকে ভোট দেয়ার জন্য পরিচয়পত্র দেখাতে হতে পারে।

**আমি যদি গতবার ভোট প্রদানের পর নিউ ইয়র্ক সিটিতে
এসে থাকি, তবে কি হবে?**

যখন আপনি ঠিকানা পরিবর্তন করেন, নিউ ইয়র্ক স্টেটের আইনানুযায়ী ২৫ দিনের মধ্যে আপনার পরিবর্তিত ঠিকানা BOE-কে জানাতে হবে। নতুন ভোটার নিবন্ধন ফর্মের “ভোট দানের যে তথ্য পরিবর্তন হয়েছে” বক্স সহ সকল তথ্য পূরণ করে জমা দিয়ে আপনি তা করতে পারেন। আপনার নতুন ও পুরাতন ঠিকানা লিখুন, যে দলে আপনি অন্তর্ভুক্ত হতে চান সে দলের বক্স চিহ্নিত করুন (আপনার পুরাতন ঠিকানায় যদি কোনো একটি দলের সঙ্গে অন্তর্ভুক্ত ছিলেন, তাহলেও এটা চিহ্নিত করুন) এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করুন। যদি আপনি বাসা পরিবর্তন করেছেন কিন্তু সময়সীমার মধ্যে BOE নিকট ঠিকানা পরিবর্তন না করে থাকেন, তবে আপনি অবশ্যই আপনার নতুন ভোট কেন্দ্রে গিয়ে এফিডেফিট ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। আপনার পরিবর্তিত ঠিকানার সংযোজন হয়েছে কিনা তা 866-VOTE-NYC নাম্বার-এ ফোন করে জেনে নিন।

যদি আমার নাম ভোটার বইতে না থাকে, তবে কি হবে?

আপনি আপনার অ্যাসেম্বলি ও নির্বাচনী ডিস্ট্রিক্টের সঠিক টেবিলে স্বাক্ষর করেছেন কি না, তা নিশ্চিত হন। আপনি যদি ডাক যোগে এই ভোটার গাইডটি পেয়ে থাকেন, আপনার ডিস্ট্রিক্ট নম্বর প্রচ্ছদে মুদ্রিত পাবেন। এছাড়া প্রতিটি নির্বাচনের আগে সকল নিবন্ধিত ভোটারদেরকে BOE-র পাঠানো মেইলারেও পাবেন। নির্বাচন কর্মী আপনার নাম ও ঠিকানা দিয়ে, আপনি কোন ডিস্ট্রিক্ট এ বসবাস করেন তা বের করে দিতে পারবেন। আপনি নিবন্ধিত কিনা তা নিশ্চিত হবার জন্য voting.nyc গিয়ে দেখতে পারেন।

আপনি যদি আপনার এসেম্বলি এবং নির্বাচনী ডিস্ট্রিক্ট নম্বর না পান, কিন্তু আপনি বিশ্বাস করেন যে, আপনি ভোট প্রদানে যোগ্য, তাহলে আপনি ভোট দিতে পারবেন, কোন নির্বাচনী কর্মীকে অ্যাফিডেফিট ব্যালটের ব্যাপারে জিজ্ঞাসা করুন এবং নির্দেশগুলি অনুসরণ করুন।

একটি এফিডেফিট ব্যালট কি?

একটি এফিডেফিট ব্যালট হল, কাগজের একটি ব্যালট যা আপনি অনুরোধ করতে পারেন, যদি ভোটার বইতে আপনার নাম না থাকে আর আপনার বিশ্বাস যে, আপনার ভোট দেয়ার যোগ্যতা আছে এবং সঠিক কেন্দ্রে এসেছেন (উদাহরণ সরুপ, আপনি যদি বাসা বদল করে আপনার ঠিকানা হাল নাগাদ না করে থাকেন বা ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য সময়মত ব্যবস্থা নেন নাই)। ব্যালট ও খাম পূরণের জন্য নির্দেশনা অনুসরণ করুন, এবং সম্পন্ন হলে একজন নির্বাচনী কর্মীর কাছে দিন। নির্বাচনের পরে, বোর্ড অফ ইলেকশন তাদের রেকর্ড পরীক্ষা করবে- যদি আপনি ভোট দেওয়ার যোগ্য হয়ে থাকেন, সঠিক কেন্দ্রে গিয়ে থাকেন, এবং সঠিকভাবে ব্যালট ও খাম পূরণ করে থাকেন, তাহলে আপনার ভোটটি গণনা হবে। না হলে, আপনি একটি নোটিস পাবেন যে, আপনার ভোটটি গণনা করা হয়নি।

আপনার এফিডেফিটের খামটি আগামী নির্বাচনের জন্য নিবন্ধন ফর্ম হিসাবে গৃহীত হবে, যদি আপনি ভোট দিতে যোগ্য না হন এবং সঠিকভাবে পূরণ করে থাকেন।

**যদি একজন পোল ওয়াচার আমার ভোট দানের অধিকার
চ্যালেঞ্জ করে, তাহলে কি হবে?**

যদি একজন পোল ওয়াচার আমার ভোট দানের অধিকার চ্যালেঞ্জ করে, যেমন, আপনি যে ব্যক্তি হিসাবে দাবি করছেন আপনি সে নন বা আপনি এই ডিস্ট্রিক্ট বসবাস করেন না, আপনি আপনার ভোট দেওয়ার যোগ্যতা প্রমাণ করার জন্য একজন নির্বাচনী কর্মীকে একটি শপথ পরিচালনার জন্য অনুরোধ করতে পারেন। আপনি মিথ্যা সাক্ষ্যের দণ্ডের অধীনে শপথ গ্রহণ করবেন যে, আপনি ভোট দানে যোগ্য, এরপরে আপনাকে একটি নিয়মিত ভোট (এফিডেফিট নয়) দেওয়ার অনুমতি দেওয়া হবে।

যদি আমি নির্বাচনের দিন আমার ভোটদানের জায়গায় যেতে না পারি?

আপনি অ্যাবসেন্টি ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন যদি আপনি নির্বাচনের দিন ভোট কেন্দ্রে যেতে না পারেন, কারণ কাউন্টি বা নিউ ইয়র্ক সিটিতে তখন আপনি থাকবেন না; অস্থায়ী বা স্থায়ী অসুস্থতা বা শারীরিক প্রতিবন্ধিতার জন্য; হাসপাতালে ভর্তি থাকবেন; এক বা একাধিক ব্যক্তি যারা অসুস্থ বা প্রতিবন্ধী তাদের প্রাথমিক চিকিৎসার দায়িত্বে নিয়োজিত থাকবেন; ভ্যাটারান এডমিনিস্ট্রেশন হাসপাতালে আটক থাকবেন; জেলে বা কারাগারে থাকবেন, বিচার বা জুরির সিদ্ধান্তের অপেক্ষায় থাকবেন, অথবা একটি গুরুতর বা গুরুতর নয় এমন অপরাধের জন্য কারাদণ্ডে থাকবেন।

ডাক যোগে: 866-VOTE-NYC ফোন করে ব্যালট আবেদনের অনুরোধ পত্র অথবা BOE-এর ওয়েবসাইট vote.nyc.ny.us থেকে ডাউনলোড করতে পারেন। আবেদনটি পূরণ করে আপনার BOE এর বোরো অফিসে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে পাঠিয়ে দিন। BOE আপনাকে ডাক যোগে একটি অ্যাবসেন্টি ব্যালট পাঠাবে। তা পূরণ করে নির্দিষ্ট সময়-সীমার মধ্যে আপনি BOE এর বোরো অফিসে পাঠিয়ে দিন (“নির্বাচনী দিন সমূহ ও সময়সীমা” দেখুন 5 পাতায়)।

শরীরে: যখন থেকে ব্যালট হাতে আসে তখন থেকে অ্যাবসেন্টি ভোট দান শুরু হয় (অন্তত নির্বাচনের ৩২ দিন আগে) এবং শেষ হয় নির্বাচনের দিনে। এটি আপনার BOE বোরো অফিসে সোম থেকে শুক্র, এবং নির্বাচনী দিনের আগের সপ্তাহের ছুটির দিনে সকাল ৯ টা থেকে বিকেল ৫টা এবং নির্বাচনের দিনে রাত ৯টা পর্যন্ত পরিচালিত হয়।

বিশেষ দৃষ্টব্য: আপনার যদি অ্যাবসেন্টি ব্যালট ডাক যোগে সংগ্রহ করার নির্দিষ্ট সময় সীমা পার হয়ে যায় এবং দুর্ঘটনা জনিত কারণে বা আকস্মিক অসুস্থতার কারণে নির্বাচনের দিনে আপনি নির্বাচনী কেন্দ্রে যেতে না পারেন তাহলে আপনি অনুমোদন পত্রসহ আপনার প্রতিনিধিকে আপনার পক্ষ থেকে অ্যাবসেন্টি ব্যালট প্রদান করার জন্য BOE বোরো অফিসে পাঠাতে পারেন। BOE বোরো অফিসে নির্বাচনের দিনে রাত ৯ টার মধ্যে আপনাকে সম্পূর্ণ পূরণকৃত আবেদন এবং ব্যালট ফেরত দিতে হবে।

আমি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হয়েছি, আমি কি ভোট দিতে পারবো?

আপনি যদি গুরুতর অপরাধে দোষী সাব্যস্ত হন, তবে আপনার কারাভোগ এবং/বা প্যারোল সম্পন্ন হওয়ার পর আপনি নিবন্ধিত হতে ও ভোট দিতে পারবেন।

যদি আমি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হই, তাহলে আমি কি ভোট দিতে পারবো?

আপনি কারাগার থেকেও নিবন্ধন ও ভোট দিতে পারেন, যদি আপনি কেবলমাত্র একটি অপকর্মের জন্য দোষী সাব্যস্ত হন। আপনার নিউ ইয়র্ক স্টেটের, অন্য স্টেটের কোন কোর্টে বা একটি ফেডারেল কোর্টে সাজাপ্রাপ্ত হলেও, একই নিয়ম প্রযোজ্য হবে। আপনাকে কোন নথি প্রদানের প্রয়োজনীয়তা নেই।

বর্তমানে আমি গৃহহীন, আমি কি ভোট দিতে পারবো?

হ্যাঁ, গৃহহীন মানুষ নিউ ইয়র্ক সিটিতে ভোটার হিসাবে নিবন্ধন ও ভোট দিতে পারে।

ব্যালট প্রস্তাবনা

প্রস্তাবনা ১

একটি সাংবিধানিক কনভেনশন

প্রতি ২৫ বছর অন্তর, স্টেট সংবিধান পর্যালোচনা এবং সংশোধন করার জন্য একটি সম্মেলন হবে কি না সে জন্য নিউ ইয়র্কবাসীরা ভোট দেয়। এই নভেম্বরে আপনার সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা আছে যে, নভেম্বর ২০১৮-র নির্বাচিত প্রতিনিধি নিয়ে এপ্রিল ২০১৯-শে আমাদের একটি সাংবিধানিক কনভেনশন হওয়া উচিত কি না।

প্রস্তাবনা ২

দোষী সাব্যস্ত কর্মকর্তাদের জন্য পেনশন বাজেয়াপ্তকরণ

নিউ ইয়র্কবাসীরা স্টেট সংবিধান সংশোধন করা হবে কি না সে জন্যও ভোট দিবেন যার দরুন বিচারকগণ সরকারী কর্মকর্তাদের পেনশন কমাতে বা প্রত্যাহার করতে পারবেন, যারা সরাসরি তাদের দায়িত্বের সাথে জড়িত অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়েছে।

প্রস্তাবনা ৩

স্টেটের সংরক্ষিত বনাঞ্চলে একটি ল্যান্ড ব্যাংক প্রতিষ্ঠা

অ্যাডিরোনড্যাক ও ক্যাটস্কিল পার্কে রাস্তাঘাট নির্মাণ, স্থানান্তর ও রক্ষণাবেক্ষণের জন্য ব্যবহার করা যাবে এমন ২৫০-একর ল্যান্ড ব্যাংক প্রতিষ্ঠা করা হবে কি না সে ব্যাপারে ভোটাররা সিদ্ধান্ত নিবেন। পানি, পয়ঃনিষ্কাশন ও অন্যান্য ইউটিলিটি লাইন এবং আন্তঃস্টেট গ্যাস ও তেলের পাইপলাইন ভূগর্ভস্থ রাখার সুযোগ থাকবে এবং পার্কের রাস্তার ‘প্রস্থের মধ্যে’-ই রাস্তার পাশ দিয়ে বাইকের জন্য রাস্তা তৈরি করা হবে।

আসন্ন ব্যালট প্রস্তাবনা সম্পর্কে আরও জানার জন্য, নির্বাচনী ইমেইল এলাটের জন্য সাইন আপ করুন nycvotes.nycffb.info এবং অবগত থাকার জন্য অনুসরণ করুন @nycvotes।



২০১৭-র “আমি ভোট দিয়েছি” স্টিকারের নকসা করেছেন

MARIE DAGATA & SCOTT HEINZ

“আমি ভোট দিয়েছি” স্টিকারটি হল আপনি যে আপনার সিটিকে নিয়ে ভাবেন তা প্রকাশের শ্রেষ্ঠ পন্থা।

নির্বাচনের দিনে আপনার #IVoted স্টিকারটির সেলফি ফটো নিয়ে শেয়ার করুন এবং আমাদেরকে ট্যাগ করুন @nycvotes!